	৬০৫	সিএস, এসএ, এবং আরএস রেকর্ড এবং যাচাইয়ের খরচ	রেকর্ডসমূহ যাচাইয়ের সকল প্রকারের সহযোগিতার জন্য খরচ করা ।
৭০০		রিসার্চ, মনিটরিং এবং মূল্যায়ন	রিসার্চ, মনিটরিং এবং মূল্যায়ন এর সাথে জড়িত সকল খরচ ।

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

	৭০১	ডাটা ব্যাংক/তথ্য সংগ্রহ এবং রিসার্চের খরচ	ভূমি অধিকার, জেডার এবং গণতন্ত্রায়ন উপর চাওয়া মাত্র প্রয়োজন অনুসারে তথ্য জানা ও রিসার্চ করার জন্য তথ্যের সংগ্রহ প্রক্রিয়া সৃষ্টি করা।
	৭০২	বর্ধিত মূল্যায়নের খরচ	নির্দিষ্ট সময় পরে বর্ধিতমূল্যায়নকারীর মাধ্যমে সংস্থার কার্যক্রমগুলি যাচাই করে দেখা।
	৭০৩	বর্ধিত নিরীক্ষা খরচ	অর্থবছর বা আর্থিক বৎসর শেষে সংস্থার আর্থিক, প্রশাসনিক, মানবসম্পদ, মালামাল, সম্পদ, যানবাহন এর কার্যক্রমগুলি বর্ধিতনিরীক্ষা প্রতিষ্ঠানের দ্বারা নিরীক্ষা করা। জড়িত সকল বর্ধিত নিরীক্ষার খরচ এই খাতে চার্জ করা।
	৭০৪	আভ্যন্তরীণ মনিটরিং এবং মূল্যায়নের খরচ	কোন নির্দিষ্ট প্রোগ্রাম বা সকল প্রোগ্রামের নিয়মিত কার্যক্রমগুলি রিটেন করে আভ্যন্তরীণ ভাবে মনিটরিং এবং মূল্যায়ন করা।
	৭০৫	পরামর্শক সাপোর্টে প্রযুক্তিগত বা কারিগরি সহায়তার খরচ	সংস্থার নীতি ও পদ্ধতিসমূহ ঠিকভাবে ব্যবহার হচ্ছে তাহা একজন পরামর্শকের দ্বারা নির্দিষ্ট সময় পরপর সংগঠনের কার্যক্রমগুলি যাচাই ও বিশ্লেষণ করে দেখা এবং প্রয়োজনবোধে সেগুলি উন্নয়ন (আপগ্রেড) করা। অর্থাৎ প্রযুক্তিগত সহায়তার মাধ্যমে পরামর্শক সংস্থার নীতি, ম্যানুয়াল, পদ্ধতিসমূহ উন্নয়নের কাজ করা।
৮০০		কর্মীদের ট্রেনিং খরচ	সকল কর্মীদের (সমতা ও পার্টনার এনজিও) প্রয়োজনীয় সকল ট্রেনিং এবং জড়িত অন্যান্য খরচ।
	৮০১	কর্মীদের কাজ করার ক্ষমতা এবং যোগ্যতা উন্নয়নের জন্য ট্রেনিং খরচ	সমতা এবং ল্যান্ড নেটওয়ার্ক কর্মীদেরকে আর্থিক ট্রেনিং, প্রোডাকশন সাপোর্ট ট্রেনিং, ভূমি আইনের উপর প্রশিক্ষণ, গ্রুপ ব্যবস্থাপনার জন্য প্রশিক্ষণ, মূলপ্রোগ্রামের/সংগঠনের পরিচালন পদ্ধতি এবং মূল ব্যবস্থাপনার উপর সচেতনতার ট্রেনিং, ট্রিনারের/ ট্রেনিং, সুপারভিশন/মনিটরিং এবং মূল্যায়নের কাজ করার ট্রেনিং, ক্রসভিজিট, দুর্যোগ ব্যবস্থাপনা ট্রেনিং, পরিকল্পনার তৈরীর ট্রেনিং, ট্রেনিং অন যোগাযোগ/উন্নত নেতৃত্বদান/লজিক্যাল ফ্রেমওয়ার্ক এপ্রোচ/অধিকার আদায়ের লোকের মুখামুখি বিরোধ মিটানোর একটি পদ্ধতি/লোকদের নিজের উপর আস্থা আনা/আল্‌ভিবিভাগ কর্মশালা। জেডার উন্নয়ন এবং জেডার বহুমুখিতা, সহকারী প্রজেক্ট অফিসারদেরকে উন্নয়নমূলক ট্রেনিং, কর্মীর দক্ষতা উন্নয়নের ট্রেনিং, ইউনিয়ন এজেক্টরের উন্নয়নমূলক ট্রেনিং, কর্মীদের উন্নয়নমূলক ট্রেনিং, সাপোর্ট কর্মীদের উন্নয়নমূলক ট্রেনিং, ট্রেমাসিকভিত্তিতে ফিন্যান্স কর্মীদের ওরিয়েন্টেশন দেওয়া, ফ্রি সার্ভিস ফাউন্ডেশন কোর্স এর জন্য ট্রেনিং এবং গণতান্ত্রিক ও কর্তৃত্বের উপর রিফরেশার কোর্স করা।
	৮০২	প্রযুক্তিগত বা কারিগরি প্রশিক্ষণের খরচ	খাসজমি পুনরুদ্ধার এবং বন্টনের উপর ট্রেনিং, খাস জমি চিহ্নিত করণ/দাবি করণ/ প্রক্রিয়া করণ/ব্যবস্থাপনার উপর ট্রেনিং, কৃষি উন্নয়ন সংগঠকদেরকে (এডিও) উৎপাদনের উপর ট্রেনিং, রিপোর্ট লেখার পদ্ধতির উপর ট্রেনিং, মনিটরিং ও মূল্যায়নে অংশগ্রহণমূলক প্রশিক্ষণ, এডভোকেসি বিষয় ও কৌশলের উপর ওরিয়েন্টেশন/পরিচিতি, পশুপালনকারী/মৎস্যজীবী/কৃষিকাজের উপর প্রোডাকশন সাপোর্ট ট্রেনিং প্রদান।
	৮০৩	স্টাডিটুর/অধ্যয়ন ভ্রমণ, আন্তর্জাতিক সম্মেলন/ আলোচনা সভায় অংশ গ্রহণের খরচ	নির্দিষ্ট এরিয়ার উপর গভীরভাবে জ্ঞান অর্জনের যাবতীয় খরচ।
	৮০৪	দ্রব্যাদির উন্নয়ন অন্যান্য জড়িত কাজের খরচ	ট্রেনিং এর প্রয়োজনীয় জিনিসপত্র তৈরীকরণ ও জড়িত অন্যান্য খরচ।
	৮০৫	সুযোগ ও সুবিধাদি ভাড়া প্রদান	ট্রেনিং এর জন্য ব্যবহারিত স্থান (ভেনু) সহ সকল সুযোগ ও সুবিধাদির ভাড়া।
৯০০		গ্রুপ ও সিভিল সোসাইটির জন্য ট্রেনিং খরচ	গ্রুপ/দলীয় ও সিভিল সোসাইটির জন্য ট্রেনিং ও জড়িত অন্যান্য খরচ।

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

৯০১	গ্রুপ/দলীয় সদস্যদের কাজ করার ক্ষমতা এবং যোগ্যতা উন্নয়নের জন্য ট্রেনিং খরচ	সমতার নির্বাহী পরিষদের সদস্যদের জন্য ট্রেনিং, খাসজমি পুরস্কার ও বিতরণের উপর সমতা ও ল্যান্ডনেটওয়ার্ক এর দলীয় সদস্যদেরকে ট্রেনিং, ভূমি আইন ও ব্যবস্থাপনার উপর ভিডিসি সদস্যদেরকে ট্রেনিং, ভিডিসি/ইউডিসি/এডিসির দলীয় সদস্যদেরকে ট্রেনিং, দলীয় সদস্যদেরকে সচেতনতার (এয়ারন্যাস) ট্রেনিং, শিক্ষাকাজের স্বেচ্ছাসেবীদেরকে ট্রেনিং, দুর্যোগ/পশুপালনকারী/মৎস্যজীবী/কৃষিকাজের উপর ট্রেনিং, ভিডিসি/ইউডিসি/এডিসির দলীয় সদস্যদেরকে বিকল্প ধরনের নেতৃত্বদানের ট্রেনিং, সংগঠনের উন্নয়ন এবং ব্যবস্থাপনার কৌশলগত পরিকল্পনা উপর ভিডিসি/ইউডিসি/এডিসির দলীয় সদস্যদের জন্য কর্মশালা এবং অগ্রনী দলীয় সদস্যদের কর্মক্ষমতা বৃদ্ধি করণের উপর ট্রেনিং, জেডার সচেতনতা, সম্প্রদায় ও উন্নয়নের উপর ওমেন একশন কমিটির সদস্যদেরকে ট্রেনিং, ওমেন একশন কমিটির সদস্যদের জন্য পারিবারিক আইনের উপর ট্রেনিং, মাসিক রিফরেশার কোর্স, স্পট ট্রেনিং, দক্ষতা উন্নয়নের জন্য ট্রেনিং এবং স্বেচ্ছাসেবী উন্নয়নের জন্য ট্রেনিং প্রদান।
৯০২	সিভিল সোসাইটির এবং অন্যান্যদের জন্য ট্রেনিং খরচ	ইউনিয়ন পরিষদের নারী সদস্যদের জন্য ট্রেনিং, সরকারী কর্মকর্তাদেরকে ভূমি রেকর্ড ও জরিপের উপর ট্রেনিং, স্থানীয় নির্বাচিতব্যক্তিদের জন্য ট্রেনিং, সাংবাদিকদের জন্য ট্রেনিং, নির্বাচিতব্যক্তিদের/দলীয় সদস্যগণ/নাগরিক সমাজ/সাংবাদিকবৃন্দ/উকিলগণের জন্য সমতার মূল প্রেছামের উদ্দেশ্য ও কার্যক্রমের উপর পরিচিত অনুষ্ঠান, নারী ফোরাম উন্নয়ন ও ব্যবস্থাপনার উপর ট্রেনিং, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ/স্থানীয় নির্বাচিতব্যক্তিদের (নারী ও পুরুষ) কর্মদক্ষতা বৃদ্ধির জন্য ট্রেনিং, দুর্যোগ মোকাবিলার প্রস্তুতিকরণের উপর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ/স্থানীয় নির্বাচিতব্যক্তিদের (নারী ও পুরুষ)/ ভিডিসি/ইউডিসি/এডিসির দলীয় সদস্যদের জন্য ট্রেনিং প্রদান।
৯০৩	দ্রব্যাদির উন্নয়ন অন্যান্য জড়িত কাজের খরচ	ট্রেনিং সেন্টার ট্রেনিংএর জন্য যে সমস্ত দ্রব্যাদি দরকার তার উন্নয়নে যে সমস্ত খরচ দরকার।
৯০৪	সুযোগ ও সুবিধাদি ভাড়া প্রদান	যেমন ট্রেনিং ভেনুর জন্য ভাড়া প্রদান করা।

VII. ভাউচারে অনুমোদন:

১. অনুমোদনের সঠিক পদ্ধতিসমূহ:

- ক. প্রতিটি একাউন্টিং লেনদেন সঠিকভাবে অবশ্যই নির্দিষ্ট কর্তৃপক্ষের দ্বারা অনুমোদন করতে হবে।
- খ. সঠিক হতে হবে, অনুমোদন অবশ্যই দলিলাদিতে থাকতে হবে এবং দলিলাদিতে ব্যক্তির স্বাক্ষর বা যে ব্যক্তির একাউন্টিং লেনদেন অনুমোদন করার ক্ষমতা দেওয়া আছে সেই ব্যক্তির দ্বারা স্বাক্ষরিত করতে হবে।
- গ. সাত থেকে দশ বছর পর্যন্ত ব্যাংক সিগনেচারের বা চেক স্বাক্ষরকারীর তালিকা/লিস্ট এবং একাউন্টিং লেনদেন অনুমোদিত ব্যক্তিবৃন্দের স্বাক্ষর সহ ভবিষ্যতে নিরীক্ষার উদ্দেশ্যে সমতা অফিসকে সংরক্ষিত করে রাখতে হবে।
২. যে ব্যক্তি একাউন্টিং লেনদেন অনুমোদন হিসাবে স্বাক্ষর করবেন তাকে অবশ্যই হিসাববিভাগের বাহিরের কর্মী হতে হবে অর্থাৎ তিনি কোন ভাবে হিসাবের কার্যক্রমের সাথে জড়িত হইতে পারবেন না।

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

৩. ভাউচার তৈরী করিবে ক্যাশ-ইন-চার্জ, চেক/যাচাই করবে ফিন্যান্স-ইন-চার্জ এবং অনুমোদন হিসাবে স্বাক্ষর করবেন ব্যাংক সিগনেটরি বা চেক স্বাক্ষরকারী বা প্রতিটি কষ্ট সেন্টারের ইন-চার্জ ইহা 'ডেলিগ্যাশন অব অথোরিটি' বা অর্পিত ক্ষমতা তালিকাতে নির্দিষ্ট করে দেওয়া হবে ।
৪. দাতাসংস্থার অনুদানের শেষ দিন থেকে সাত-দশ বৎসর পর্য্যন্ড আর্থিক প্রমানদলিলাদি (ডুকোমেন্ট)/রিপোর্ট/খতিয়ানগুলি সংস্থা কর্তৃক সংরক্ষন করে রাখতে হবে ।
৫. অর্থবন্টন ও অর্থপ্রাপ্তির সাথে জড়িত সকল প্রমানদলিলাদি; ইনভয়েস, বিল, রিসিপ, দরপত্র, ক্রয়ের চুক্তি (যদি থাকে), ইত্যাদি ভাউচারের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে । হিসাবরক্ষকে অবশ্যই কারীকে প্রতিটি ইনভয়েস/বিল/ইত্যাদির উপর খরচের খাত লিখতে হবে এবং ইন-চার্জ অব কষ্ট সেন্টারকে অবশ্যই যাচাই এবং অনুমোদনরে পূর্বে নিশ্চিত হতে হবে যে সকল ভাউচার গুলিতে যা থাকা দরকার তাহা সংযুক্ত এবং মিল আছে ।
৬. অস্থায়ী ডেলিগ্যাশন ফরম (ফরম : এডি) অবশ্যই পূরন করতে হবে যদি কোন ইন-চার্জ দীর্ঘদিনের জন্য (এক সপ্তাহের বেশী) ছুটি নিতে চান । ইহা সব কষ্ট সেন্টারে সকলের অবগতির জন্য বিতরন/প্রচার করতে হবে ।

VIII. অগ্রিম এবং ইহা সমন্বয়ের পদ্ধতিসমূহ:

- ক. অগ্রিম: অগ্রিম অর্থ প্রদানের মাধ্যমে সাধারণত তিনটি খরচ করা হয়; প্রোগ্রাম, ফিল্ড এবং অন্যান্য ।
১. যখন এক বা একের অধিক কর্মী এবং কর্মী নহে এমন সদস্যগন যদি সংস্থার পক্ষে কোন প্রোগ্রাম, ফিল্ড এবং অন্যান্য ব্যাপারে খরচ করার জন্য অগ্রিম অর্থের দরকার হয় তখন একটি অগ্রিম অনুরোধ ফরম (Form: AB) পূরন করতে হবে এবং সমতার বিশেষ অধিকার প্রাপ্ত ব্যক্তির (যেমন ব্যাংক সিগনেটরি/চেক স্বাক্ষরকারী বা অনুমোদিত ব্যক্তি) দ্বারা স্বাক্ষর করাতে হবে ।
 ২. ফিন্যান্স কর্মী অগ্রিম অনুরোধ ফরমটি অবশ্যই যাচাই করে নিশ্চিত হতে হবে যে অগ্রিম অনুরোধকারীর পূর্বের সকল প্রকার প্রদেয় অগ্রিম অর্থ সমন্বয় হইয়াছে ।
 ৩. যাচাইয়ের পর ফিন্যান্স কর্মী 'অগ্রিম অনুরোধ ফরমটি' সাপোর্টিং দলিলাদি হিসাবে সুপারিশ অর্থের জন্য একটি ডেবিট ভাউচার তৈরী করবে ।

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

৪. যদি 'অগ্রিম অনুরোধটি' একজন কর্মী/ব্যক্তির জন্য হয় তা হলে ডেবিট ভাউচারটি তৈরী করতে হবে অনুরোধকারী ব্যক্তির নামে । যদি 'অগ্রিম অনুরোধটি' একের অধিক কর্মী/ব্যক্তির জন্য এবং তা যদি একই সময়ে হয় তা হলে মোট অনুরোধকৃত অর্থের জন্য ক্যাশ-ইন-চার্জের নামে/অনুকূলে ডেবিট ভাউচার সহ চেক লিখতে হবে । যদি 'অগ্রিম অনুরোধটি' কোন বিশেষ প্রোগ্রামের জন্য হয় তা হলে প্রোগ্রাম প্রধান বা তার নিয়োগকৃত ব্যক্তির নামে/অনুকূলে ডেবিট ভাউচার সহ চেক লিখতে হবে ।
৫. 'অগ্রিম অনুরোধটি' যাহা কর্মী/ব্যক্তির চাহিদামাপিক তৈরী করা হয় তা ফিন্যান্স কর্মী যাচাই করে ডেবিট ভাউচারটি তৈরী কাজ সম্পন্ন করে । তারপর ডেবিট ভাউচারটি ব্যাংক সিগনেচার/চেক স্বাক্ষরকারীর নিকট তাদের অনুমোদনের ও স্বাক্ষরের জন্য উপস্থাপন করতে হয় ।
৬. অধিক কর্মী/ব্যক্তির জন্য অগ্রিম অনুরোধের টাকা ক্যাশ-ইন-চার্জের নামে/অনুকূলে যদি কোন চেক লেখা এবং ব্যাংক হতে উত্তোলন করা হয় তাহা হলে তালিকা অনুযায়ী প্রত্যেক কর্মী বা ব্যক্তিদেরকে ক্যাশ-ইন-চার্জ তাদের চাহিদামাপিক অর্থ প্রদান করতে হবে । প্রত্যেক কর্মী বা ব্যক্তিকে অগ্রিম টাকা ক্যাশ-ইন-চার্জের নিকট হতে প্রাপ্তির পর স্ব স্ব নামের কলামে স্বাক্ষর করতে হবে ।

খ. অগ্রিম সমন্বয়:

১. জড়িত প্রোগ্রামের/ফিল্ডের/অন্যান্য কার্যক্রম সম্পন্ন হবার পর এবং যে উদ্দেশ্যে অগ্রিম অর্থ খরচ হয়েছে তা নির্দিষ্ট অগ্রিম অর্থের জন্য (Form: E) পূরণ করতে হবে এবং গ্রহনযোগ্য খরচগুলি কে একত্রিত করতে হবে । কখন ও কোন ক্ষেত্রে বিশেষে কর্মীকে কোন প্রকার অগ্রিম অর্থ প্রদান ছাড়াও কিছু অফিসিয়াল খরচ হয়ে থাকে, সে ক্ষেত্রে কর্মীকে একইভাবে সে সমস্ত খরচের টাকা অফিস থেকে নেবার জন্য 'ভ্রমণ খরচ রিপোর্ট' ফরমটি ব্যবহার করতে হবে ।
২. যদি কোন কর্মী মোট অগ্রিম অর্থের চেয়ে কম খরচ করে থাকে, তখন তাকে অব্যবহারিত অগ্রিম অর্থের টাকা ফিন্যান্স সেকশনে ফেরত দিতে হবে এবং ফেরৎ অর্থের জন্য কর্মীকে একটি 'মানি রিসিভ' (Form: AA) ক্যাশ-ইন-চার্জ এর কাছ থেকে সংগ্রহ করতে হবে । যদি কোন কর্মী মোট অগ্রিম অর্থের চেয়ে বেশী খরচ করে থাকে, তখন তাকে খরচের সমপরিমাণ টাকা 'ভ্রমণ খরচ রিপোর্টের মাধ্যমে ফিন্যান্স সেকশন থেকে সংগ্রহ করতে হবে ।
৩. ফিল্ডভ্রমণ বা কাজ শেষ করার পর অগ্রিম অর্থের সাথে জড়িত সকল প্রোগ্রাম/ফিল্ড ভ্রমণ এবং অন্যান্য খরচসমূহ হিসাব চার কার্যদিবসের মধ্যে সম্পন্ন করতে হবে । ফিন্যান্স বিভাগ অগ্রিম অর্থের সাথে জড়িত সমস্ত খরচসমূহ যাচাই করে প্রয়োজনীয় ভাউচারের মাধ্যমে র যাচাইয়ের পর ব্যাংক সিগনেচার/চেক স্বাক্ষরকারীর নিকট তাদের অনুমোদনের ও স্বাক্ষরের জন্য উপস্থাপন করতে হবে ।
৪. ফিন্যান্স বিভাগ সমন্বয় করা হয়নি এমন অগ্রিম অর্থের জন্য 'বকেয়া অগ্রিম লিস্ট' মাসিক ভিত্তিতে তৈরী করতে হবে (Form: AC) ।

সি. বাধা :

সমতার প্রতিটি অফিস বা কষ্ট সেন্টার অগ্রিম অর্থ কোন কর্মীর কাছে এক মাসের বেশী সময় ধরে রাখার অনুমতি না দেয়া । যদি কোন কারনের নির্দিষ্ট সময়ের পর অর্থ রাখতে হয় তা হলে সঠিক কারনগুলি উল্লেখ করে ভাউচারের সাথে যুক্ত করে রাখতে হবে ।

IX. একরস্য়াল (বকেয়া) এবং ইহা সমন্বয়ের পদ্ধতিসমূহ:

সূত্র:

দ্রব্যাদি/সেবা গ্রহণ/প্রদান করা হয়েছে, কিন্তু পরিশোধ/প্রাপ্তি হয়নি সেইটাকে বলা হয় একরস্য়াল (Accrual) । একটি সংগঠনের আর্থিক লেনদেনের দুইটি প্রক্রিয়ার মধ্যে ইহা একটি প্রক্রিয়া (অর্থাৎ প্রথমটি হলো ক্যাশ বেসিস এবং দ্বিতীয়টি হলো একরস্য়াল প্রস্তুতকরণ: জানুয়ারী ২০১০

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

(Accrual basis Accounting) বেসিস একাউন্টিং। একটি সংগঠনে এই প্রক্রিয়া ব্যবহার হয় যেখানে আর্থিক লেনদেনের স্বীকৃতি লাভ করে যখন কোন তহবিল প্রাপ্তি বা খরচ হওয়ার পর।

কেন এবং কখন এই প্রক্রিয়া দরকার:

১. প্রত্যেক ত্রৈমাসিক, প্রত্যেক আর্থিক বছর বা কোন দাতার চুক্তির মেয়াদ শেষান্বেষণ বা অন্য কোন কারণে খরচের হিসাব তৈরীতে কোন একটি নির্দিষ্ট সময় পর্য্যন্ত যেই সমস্ত খরচ করা হয়েছে কিন্তু পরিশোধ করা হয়নি এই ক্ষেত্রে এককাল বেসিস একাউন্টিং করা যাইতে পারে।
২. এই জাতীয় এককাল খরচগুলি একাউন্টিং পদ্ধতিতে শুরু করার সময় মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক ভিত্তিতে দ্রব্য/সেবাদানের সকল ইনভয়েস/বিল গুলি সংগ্রহ করতে হবে শুধু মাত্র কোন একটি নির্দিষ্ট সময় পর্য্যন্ত যেই সমস্ত দ্রব্য/সেবা গ্রহণ করা হয়েছে কিন্তু পরিশোধ করা হয়নি। দ্রব্য/সেবা গ্রহণ করা হয়েছে কিন্তু কোন বিল পাওয়া যায়নি বা কোন ইনভয়েস করা হয়নি যেমন; ব্যবহারিত (ইউটিলিটিজ), ফোন বিল, মোবাইল বিল, কন্টাকটরের কাছ থেকে সেবা গ্রহণ, ইত্যাদি। সংগঠনকে কিছু কিছু ক্ষেত্রে আনুমানিক বা আসল খরচসমূহ এই সমস্ত দ্রব্য/সেবা গ্রহণ এর উপর ধরা উচিত।
৩. যদি আর্থিক রিপোর্টিং সময়ের মধ্যে যে কোন ক্রয়ের আদেশ/ক্রয়ের চুক্তিপত্রের ভিত্তিতে মালামাল/সেবা গ্রহণ করা হয়নি, এই সমস্ত খরচ কখনো এককাল হিসাবে বিবেচিত হবে না। এককাল খরচসমূহ পরবর্তী বছরে স্থানান্তর করা এবং তার জন্য একটি লেজার/খতিয়ান বহিতে রেকর্ড করে হবে। সকলপ্রকার এককাল খরচ সমূহ মার্চ ৩১ তারিখের মধ্যে সমন্বয় করতে হবে।
৪. যেহেতু এককাল আশাবিত্ত আনুমানিক খরচ, যখন বিল পাওয়া যায় তার দুইটির মধ্যে পার্থক্য হতে পারে। যখন এই সমস্ত খরচগুলি পরিশোধ করা হয় এবং প্রকৃত (এককাল খরচ) খরচ সমান নাও হতে পারে। পার্থক্য বা ব্যালেন্স/জেরকে সমন্বয় এন্ট্রির মাধ্যমে মিলকরণ করতে হবে।

X. ক্রয়ের নীতিমালা এবং পদ্ধতিসমূহ:

সমতার ক্রয়নীতিমালায় কিছু কিছু প্রধান বিষয় অন্তর্ভুক্ত আছে। যেমন ক্রয় পরিকল্পনার উদ্দেশ্য, ক্রয় বাজেট, ক্রয় পদ্ধতিসমূহ তৈরী, ক্রয়কমিটি গঠন, ক্রয়কমিটির সদস্য সংখ্যা নির্ধারণ, ক্রয়কমিটির সদস্যদের দায়িত্ব, টাকার পরিমাণ নির্ধারণ, দরপত্রের সাথে জড়িত কার্যক্রম যথাক্রমে; দরপত্র যাচাই ও মূল্যায়ন, ভেণ্ডার নির্বাচিত করা এবং এনলিস্টম্যান্ট, ক্রয় আদেশ/চুক্তি সহ সকল শর্তাবলী, দ্রব্য/সেবারমান, পরিশোধের মাধ্যম, স্পট ক্রয়, গুদামজাত, যে কোন রক্ষনাবেক্ষণের বা কোন কিছু মেরামত করার আদেশ, সরকারের নীতিমালা/দাতাদের চাহিদা, এবং ইত্যাদি। ক্রয়ের দলিলাদি, ফরম এবং একাউন্টিং পদ্ধতিসমূহ ক্রয় নীতিমালায় ব্যাখ্যা থাকতে হবে। ক্রয়ের নীতিমালা ও পদ্ধতিসমূহ নিম্নে বর্ণিত হলো:

১ ক্রয় পরিকল্পনার উদ্দেশ্য:

একটি ক্রয় পরিকল্পনায় যে সমস্ত সুবিধাদি পরিলক্ষিত হয় সেগুলি হলো ক্রয় আদেশ, কমিশন দেওয়া, সময়মত ক্রয় করা, ম্যানেজিং ক্যাশ ফ্লো এবং সকল ক্ষেত্রে কম অর্থব্যয় মাত্রায় রাখা। ক্রয় পরিকল্পনা খুবই গুরুত্ব বহন করে যদি কেন্দ্রীয়ভাবে ক্রয় করে থাকে এবং ইহাতে উল্লেখযোগ্য আয় হতে পারে।

প্রস্তুতকরন: জানুয়ারী ২০১০

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

২ ক্রয় বাজেট:

প্রতিটি এবং প্রত্যেকটি প্রোগ্রামের নিজস্ব ক্রয় পরিকল্পনা থাকা উচিত যা সংশ্লিষ্ট প্রোগ্রামের কর্মসূচী সঠিকভাবে চালাতে সাহায্য করে। সকল প্রোগ্রামের প্রোগ্রাম কর্মসূচী অনুযায়ী প্রতিটি খাতের ভিত্তিতে বাৎসরিকভাবে ক্রয় বাজেট তৈরী করতে হবে। প্রত্যেক প্রোগ্রামের ক্রয় বাজেটের উপর ভিত্তি করে ফিন্যান্স বিভাগ দাতাদের জন্য তাদের (সংস্থার) বাৎসরিক বাজেট করবে।

৩ ক্রয় পদ্ধতিসমূহ তৈরী:

উপ-পরিচালক (প্রশাসন) বা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে সংস্থার ক্রয়ের কার্যক্রমগুলি বিশ্বাসের সাথে চালু এবং নিয়ন্ত্রণ করতে হবে। ক্রয়ের কার্যক্রমগুলি নিম্নে বর্ণিত হলো;

ক. সকল ক্রয়, যা দৈনন্দিন কাজে ব্যবহারিত হয়, সে সমস্ত জিনিষ বাজেট বন্টনের ভিত্তিতে ত্রৈমাসিক ভাবে ক্রয় করা। উপ-পরিচালক (প্রশাসন) বা তার নিয়োজিত ব্যক্তিকে ত্রৈমাসিক ভাবে ক্রয় ব্যাপারে উদ্যোগ নিতে হবে এবং পরিচালক (অর্থ) বা তার নিয়োজিত ব্যক্তিকে ক্রয়ের চাহিদা বাজেটের সাথে মিল আছে কিনা তা যাচাই করে ক্রয়ের অনুমোদন দিতে হবে। প্রোগ্রাম প্রধান এবং অভ্যন্তরীণ নিরীক্ষা সেল বর্তমান স্টক বা ব্যবহারের গতি ক্রয়ের চাহিদাপত্র প্রশাসন বিভাগে দেয়ার পূর্বে যে কোন সময় বা রেমিটেন্স যাচাই করতে পারে।

খ. প্রতিটি এবং প্রত্যেকটি কষ্ট সেন্টার/অফিসের ক্রয় কমিটি গঠন করবেন সমতার নির্বাহী পরিচালক। নির্দিষ্ট কষ্ট সেন্টার/অফিসের জন্য ক্রয় কমিটির সদস্যগণকে সমতার নির্বাহী পরিচালক নির্বাচিত করবেন। ক্রয়ের চূড়ান্ত অনুমোদন দান করবেন সমতার নির্বাহী পরিচালক বা তার নিয়োজিত ব্যক্তি। যেখানে একত্রে বা একটি জিনিষ এর ক্রয় মূল্য যদি ১০,০০০ (দশ হাজার) টাকার অতিরিক্ত হয় সে ক্ষেত্রে কমপক্ষে তিনটি দরপত্র থাকা দরকার এবং এই ক্ষেত্রে 'দরপত্র পর্যবেক্ষণ ও মূল্যায়ন বিবরণী' (Form: H) তৈরী করতে হবে। বিদ্রয়কারী প্রতিষ্ঠানের নামে বা অনুকূলে 'একাউন্ট পেদ্রি' চেকের মাধ্যমে জিনিষের ক্রয় মূল্য পরিশোধ করিতে হবে। যেখানে একত্রে বা একটি জিনিষ এর ক্রয় মূল্য যদি ১০,০০০ (দশ হাজার) টাকার কম হয় সে ক্ষেত্রে কোন প্রকার দরপত্র দরকার নেই এবং এই ক্ষেত্রে বিদ্রয়কারী প্রতিষ্ঠান নগদে/ক্যাশে জিনিষের ক্রয় মূল্য পরিশোধ করা যেতে পারে।

৪ ক্রয়কমিটি গঠন:

সমতার জন্য ইহা আবশ্যিক। ক্রয় কমিটি গঠনের মাধ্যমে ক্রয় পদ্ধতিসমূহ সংস্থায় সঠিক ভাবে চালিত হচ্ছে কি না তা নিশ্চিত হওয়া। সকল অফিসের/কষ্ট সেন্টারের ক্রয় কমিটির সকল সদস্যগণ নির্বাচিত করবেন সংস্থার নির্বাহী পরিচালক। প্রয়োজন অনুসারে ক্রয়কমিটির মধ্যে নির্বাহী পরিচালক যে কোন পরিবর্তন করার ক্ষমতা বা অধিকার রাখেন।

ক. কমিটি গঠন:

ক্রয় কমিটির সদস্য সংখ্যা কোথায় কত হবে;

অফিস	সদস্য সংখ্যা
এরিয়া অফিস	০৫ ব্যক্তিবর্গ
আঞ্চলিক অফিস	০৫ ব্যক্তিবর্গ
বিভাগীয় অফিস	০৫ - ০৭ ব্যক্তিবর্গ
কেন্দ্রীয় অফিস	০৫ - ০৭ ব্যক্তিবর্গ

প্রস্তুতকরন: জানুয়ারী ২০১০

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

খ. ক্রয় কমিটির সদস্যবৃন্দ:

সমতার নির্বাহী পরিচালক কর্তৃক অনুমোদিত সকল শ্রেনীর কর্মীগণের মধ্য থেকে প্রতিটি অফিস/কষ্ট সেন্টারের ক্রয় কমিটির সদস্য হবেন।

কমিটির পদসমূহ:

- চেয়ারম্যান
- সদস্যবৃন্দ
- সদস্য সচিব

৫ ক্রয় কমিটির সদস্যদের দায়িত্ব:

সংশি- ষ্ট ক্রয় কমিটির সদস্যবৃন্দের (মোট সদস্যের মধ্যে $\frac{2}{3}$ rd অংশের) প্রতিটি 'দরপত্র' এবং 'দরপত্র পর্যবেক্ষণ ও মূল্যায়ন বিবরণী (BES)' (Form: H) এর মধ্যে প্রত্যেকের মন্ডব্য ও সুপারিশ সহ স্বাক্ষর করা আবশ্যিক। দরপত্র প্রাপ্তি এবং খুলতে তারিখ হতে দুই সপ্তাহের মধ্যে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে এবং ক্রয়ের আদেশপত্র দিতে হবে। সংশি- ষ্ট ক্রয় কমিটির মোট সদস্যের মধ্যে কম পক্ষে $\frac{2}{3}$ rd অংশের উপস্থিতিতে দরপত্রগুলি খুলতে হবে।

ক্রয় কমিটির সকল সদস্যদেরকে ক্রয়কৃত জিনিষপত্র, সঠিকভাবে কার্য সম্পন্ন এবং / বা সেবার সুবিধাদি কতটুকু সফল হয়েছে তার গুনগতমান এবং পরিমাণ নিশ্চিত প্রদান করতে হবে। ক্রয়ের সাথে জড়িত সকল বিষয়ে সংশি- ষ্ট ক্রয় কমিটির সদস্যদেরকে এককভাবে প্রতিটি জিনিষ এর পরিমাণ, মান, মূল্য, সরবরাহের সময়, ব্যবহার, স্টক, পরিদর্শনের অগ্রগতি, পেমেন্ট ইত্যাদি দক্ষতার সাথে সমন্বয়সাধন এবং যোগাযোগ করতে হবে।

৬ ক্রয়ের প্রক্রিয়াসমূহ:

বাৎসরিক ক্রয় পরিকল্পনার (Annual Procurement Plan) এবং প্রক্রিয়ার পদ্ধতি সমূহ সমতা জানুয়ারী ০১, ২০০৫ ইং তারিখ হতে প্রয়োগ করবে। বাজেটে উলে- খিত জিনিষপত্র এবং সেবাদি 'ক্রয় চাহিদাপত্রের মাধ্যমে ইন-চার্জ অব প্রশাসন বা স্টোর কে অবহিত করবে। সমতায় ক্রয়ের জন্য এমন একটি নীতি থাকতে হবে, যে সমস্ত জিনিস বা সেবা স্থানীয়ভাবে ক্রয় করা/সেবা পাওয়া যায় সেগুলি এরিয়া অফিসের মাধ্যমে করা আর যে গুলি স্থানীয়ভাবে ক্রয় করা বা সেবা পাওয়া দুষ্কর বা পাওয়া গেলেও তা ব্যয়বহুল সে গুলি কেন্দ্রীয়ভাবে ক্রয় করা/সেবা নেওয়া উচিত।

উপরোক্ত বিষয়গুলি বিবেচনা করে সমতার ব্যবস্থাপনা শুধু মাত্র ব্যবহারযোগ্য দ্রব্যাদি (Consumable Goods) দুইটি পথে ক্রয়ের অনুমোদন দিয়েছেন; লিস্ট-এ (List-A) প্রযোজ্য কেন্দ্রীয় অফিসের মাধ্যমে ক্রয় করা এবং লিস্ট-বি (List-B) প্রযোজ্য স্থানীয় অফিসের মাধ্যমে ক্রয় করা।

লিস্ট-এ (List-A): কেন্দ্রীয় অফিসের জন্য

ক্রমিক নং বিবরণ

০১. আর্ট পেপার
০২. আর্ট পেনসিল
০৩. এরোসল

ক্রমিক নং বিবরণ

৫০. আর্ট লাইন পেন
৫১. অগ্রিম পি- প
৫২. এয়ার ফ্রেশনার

প্রস্তুতকরন: জানুয়ারী ২০১০

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

০৪.	বলপেন (কালো)
০৫.	বলপেন (লাল)
০৬.	ব্রাউন খাম (ছোট)
০৭.	ব্রাউন খাম (বড়)
০৮.	বক্স ফাইল
০৯.	বোর্ড পিন
১০.	ক্যাশ বহি
১১.	কম্পিউটার পেপার এ৪
১২.	কালার ফাইল
১৩.	কাটার স্পেড
১৪.	কারেকশন পেন
১৫.	কাটার নাইফ
১৬.	ডেবিট ভাইচার
১৭.	সমতার খাম (ছোট)
১৮.	বৈদ্যুতিক বাল্ব ৬০/W
১৯.	এরেজার/রাবার
২০.	গে- ১ স্টিক
২১.	হাই লাইট পেন
২২.	জেমস ক্লিপ
২৩.	লিড পেনসিল
২৪.	লেস ফিটা
২৫.	মাসকিং টেপ
২৬.	OHP পেপার
২৭.	পেনসিল ব্যাটারী
২৮.	পাস মেশিন
২৯.	পেপার ক্লিপ
৩০.	ফটোকপি পেপার ৭০ গ্রাম
৩১.	ফটোকপি পেপার ৮০ গ্রাম
৩২.	প্রিন্টার কালি

ক্রমিক নং বিবরণ

৩৩.	ফিনাইল
৩৪.	রেজিস্টার
৩৫.	টেপ কাটার মেশিন
৩৬.	টন ক্লিপ
৩৭.	টয়লেট পেপার
৩৮.	টিউব লাইট (ছোট)
৩৯.	সঞ্চয়ের পাশ বহি
৪০.	স্টিল স্কেল
৪১.	স্কেচ টেপ
৪২.	স্টেপলার পিন

প্রস্তুতকরন: জানুয়ারী ২০১০

৫৩.	বলপেন (বে- ১)
৫৪.	বাইন্ডিং টেপ
৫৫.	ব্রাউন খাম (মাঝারি)
৫৬.	বোতাম ফাইল
৫৭.	বোর্ড ব্রাস
৫৮.	বোর্ড স্পেড
৫৯.	ক্লিপ ফাইল
৬০.	কম্পিউটার টুনার
৬১.	ক্রেডিট ভাইচার
৬২.	ক্যালকুলেটর
৬৩.	চেপটেপিন
৬৪.	ডাস্টার ক্লথ
৬৫.	এক্সি কাটার
৬৬.	সমতার খাম (বড়)
৬৭.	বৈদ্যুতিক বাল্ব ১০০/W
৬৮.	ক্যামেরার ফিল্ম
৬৯.	গ্রিন জেল পেন
৭০.	হারপিক
৭১.	নাইফ
৭২.	সমতার লেটার পেড
৭৩.	মার্কার পেন
৭৪.	ন্যাম কার্ড
৭৫.	পেন ট্রে
৭৬.	পেনসিল সাপনার
৭৭.	পেপার ওয়েট
৭৮.	পেপার ট্রে
৭৯.	ফটোকপি পেপার ৭৫ গ্রাম
৮০.	পিন রিমোভার
৮১.	ফটোকপিয়ার কালি

ক্রমিক নং বিবরণ

৮২.	পোস্টার পেপার
৮৩.	রিপেটি ফাইল
৮৪.	টস্ লাইট ব্যাটারী
৮৫.	টয়েল
৮৬.	টিসু পেপার
৮৭.	টিউব লাইট (বড়)
৮৮.	সেভলন
৮৯.	সিজার
৯০.	স্টেপলার মেশিন
৯১.	স্টাম্প পেড
৯২.	স্কুর ড্রাইভার

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

৪৩.	সাবান	৯৩.	ভিপ পিন
৪৪.	ভিপ কার্ড	৯৪.	সাদা কাগজ
৪৫.	ওয়াস্ট পেপার বাসকেট	৯৫.	কাঠ পেনসিল
৪৬.	কাঠের স্কেল	৯৬.	ওয়াসিং পাওডার
৪৭.	ওয়াসিং সাবান	৯৭.	লেখার প্যাড (বড়)
৪৮.	লেখার প্যাড (ছোট)	৯৮.	হলুদ মার্কার পেন
৪৯.	হলুদ খাম	৯৯.	অন্যান্য প্রয়োজনীয় জিনিস

লিস্ট-বি (List-B): স্থানীয় অফিসের জন্য

ক্রমিক নং	বিবরণ	ক্রমিক নং	বিবরণ
০১.	এরোসল	২০.	বলপেন (কালো)
০২.	বল পের বে- ১	২১.	বলপেন (লাল)
০৩.	ক্লিপ ফাইল	২২.	কাটার নাইফ
০৪.	ডাস্টার ক্লথ	২৩.	বৈদ্যুতিক বাল্ব ৬০/W
০৫.	বৈদ্যুতিক বাল্ব ১০০/W	২৪.	এরেজার/রাবার
০৬.	ক্যামেরার ফিল্ম	২৫.	গে- ১ স্টিক
০৭.	হারপিক	২৬.	জেমস্ ক্লিপ
০৮.	লেস ফিটা	২৭.	পেন ট্রে
০৯.	পেনসিল ব্যাটারী	২৮.	পেপার ক্লিপ
১০.	ফিনাইল	২৯.	পোস্টার পেপার
১১.	রেজিস্টার	৩০.	টস লাইট ব্যাটারী
১২.	টায়েল	৩১.	টয়লেট পেপার
১৩.	টিসু পেপার	৩২.	টিউব লাইট (ছোট)
১৪.	টিউব লাইট (বড়)	৩৩.	সেভলন
১৫.	স্টাম্প পেড	৩৪.	সাবান
১৬.	ওয়াস্ট পেপার বাসকেট	৩৫.	সাদা কাগজ
১৭.	কাঠের স্কেল	৩৬.	কাঠের পেনসিল
১৮.	ওয়াসিং সাবান	৩৭.	ওয়াসিং পাওডার
১৯.	হলুদ খাম		

৭ ক্রয়ের চাহিদাপত্র ফরম:

ক্রয়ের চাহিদাপত্রের (Form: F) মাধ্যমে প্রয়োজনীয় তথ্যাদি সহজ ভাবে জানা যায়, যা ক্রয় করতে নিশ্চয়তা প্রদান করে এবং নির্দেশনা হিসাবে উত্তম পথ। ইহাতে বিস্তারিত ভাবে প্রযুক্তিগত নকশা বা জিনিসের নকশা (Technical specification) উল্লেখ করতে হবে যা ক্রয়কারীকে ক্রয় করতে সহায়তা করবে। ক্রয়ের চাহিদাপত্র (Purchase Requisition Form) ত্রৈমাসিক ভিত্তিতে প্রশাসনিক বিভাগে জমা দেওয়া প্রয়োজন। ক্রয় চাহিদাপত্রে সকল তথ্যাদি বাৎসরিক ক্রয় পরিকল্পনার ভিত্তিতে থাকতে হবে।

৮ সার্ভিসিং এবং মেরামত কাজের চাহিদাপত্র ফরম:

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

অফিসের আসবাবপত্র, জিনিসপত্র, কম্পিউটার, এসি, বৈদ্যুতিক জিনিসপত্র, এবং অন্যান্য জিনিসের সার্ভিস বা কোন প্রকার মেরামতের প্রয়োজন হলে 'সম্পদ ও অন্যান্য জিনিস রক্ষণাবেক্ষণ ও মেরামতের কাজের চাহিদাপত্র' (Form: G) এর মাধ্যমে প্রশাসন বিভাগে প্রেরণ করতে হবে। প্রকৃত বা আসল কাজের চাহিদার ভিত্তিতে সকল প্রকার তথ্যাদি 'সম্পদ ও অন্যান্য জিনিস রক্ষণাবেক্ষণ ও মেরামতের কাজের চাহিদাপত্র' (Form: G) এ থাকা উচিত।

৯ ভেডার এনলিস্টম্যান্ট এর পদ্ধতিসমূহ:

ভেডার পূর্ব নির্বাচিত করা একটি উদ্দেশ্যের প্রক্রিয়া যার মাধ্যমে অনুচিত/অসঙ্গত দলিলাদি দিয়ে ক্রয়ের ঝুঁকি কমানো, অযোগ্য ভেডারের কাছ থেকে ক্রয় করার প্রবণতা কমিয়ে এনে যোগ্য এবং প্রকৃত ভেডার নিয়োগ দেয়া এবং ক্রয় ব্যবস্থাপনাকে সুদক্ষ ও কার্যকারিতার জন্য উন্নয়ন করা। মূলত তিনটি স্তরের প্রক্রিয়ায় ভেডার নির্বাচন করা হয়:

- ভেডার মূল্যায়ন
- ভেডার উন্নয়ন এবং
- ভেডারের সাথে ঐকমত্যে আসার জন্য আলোচনা করা।

অনুমোদিত ভেডারগনকে অবশ্যই প্রতিষ্ঠিত করতে হবে সমতার লিখিত ক্রয়ের কাজগুলির মাধ্যমে। অনুমোদিত ভেডারগনের অবশ্যই এই অধ্যায় নিম্নে বর্ণিত সুনির্দিষ্ট প্রতিষ্ঠিত মানদণ্ড পূরণ করতে হবে, যা নির্বাচিত ক্রয় কমিটির মাধ্যমে অনুমোদিত হয়েছে। নিম্নলিখিত ভাবে অনুমোদিত ভেডারগনতে শ্রেণীবিভাগ করা এবং আখ্যায়িত করা হলো:

ক্রমিক নং	ভেডারের নাম	ভেডারের সংজ্ঞার্থ
১	এনলিস্টেড ভেডার	এনলিস্টেড ভেডার হলো তারাই যারা দরপত্র অনুরোধের ভিত্তিতে প্রতিযোগিতার মাধ্যমে নির্বাচিত হয়।
২	অগ্রাধিকার ভেডার	অগ্রাধিকার বা প্রেপাড ভেডার তারা যারা সমতার সাথে নির্দিষ্ট সময়ের জন্য চুক্তিভিত্তিতে এন প্রকার দরপত্র আহবান ছাড়াই দ্রব্যাদি ক্রয় করা হয়ে থাকে। স্বল্প সময় অর্থ এক বৎসর পর্য্যন্ড। দীর্ঘ মেয়াদি সময় হলো এক বৎসরের অধিক।
৩	অস্থায়ী ভেডার	কোন একটি বিশেষ জিনিস ক্রয় করার জন্য পূর্বে কোন প্রকার ভেডার নির্বাচিত না করে অস্থায়ী ভেডারকে নির্বাচিত করা হয়।
৪	একমাত্র (সৌল) ভেডার	একমাত্র (সৌল) ভেডার হলো তারাই যাদের লাইসেন্স/সৌল এজেন্সি সার্টিফিকেট/ডিলারসীপ/একক দ্রব্য তৈরীকারী প্রতিষ্ঠান। এইধরনের প্রতিষ্ঠান থেকে দ্রব্যাদি ক্রয় করার সময় কোন প্রকার দরপত্র দরকার হয় না, শুধু মাত্র তাদের দ্রব্যের ডিজাইনসহ একক মূল্য লিস্ট সংগ্রহ করা দরকার।

১০ যে কোন ভেডার নির্বাচিত করার সময় প্রয়োজনীয় দলিলাদি/যোগ্যতার মাপকাঠি:

একজন ভেডার এনলিস্টিং করার সময় যে সমস্ত দলিলাদি থাকা প্রয়োজন সেগুলি হলো বৈধ ট্রেড লাইসেন্স এবং ব্যবসা প্রতিষ্ঠানের ঠিকানা সহ যোগাযোগের নম্বর, যাহা একটি ব্যবসা প্রতিষ্ঠানের আইনের দিকগুলিতে প্রমানস্বরূপ কাজ করে। ব্যবসায়ের অন্যান্য দলিলাদি যেমন মূল্য সংযোজন কর (Value Added Tax -VAT), করদাতার পরিচয় নম্বর (TIN) এবং সনদপত্র/রেজিস্ট্রেশন সার্টিফিকেট (Registration Certificate) সমতার জন্য অত্যাৱশ্যক/বাধ্যতামূলক।

১১ সরকারি রুলস/এক্ট (GOB Rules/Act):

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

যে কোন দ্রব্যাদি ক্রয়ের এবং/ বা সেবার গ্রহণের সময় সংশ্লিষ্ট অফিসকে অবশ্যই সরকারি আইন বা রুল/এক্ট (যেমন ট্যাক্স, ভ্যাট, রেট ট্যাক্স, উৎসরে ট্যাক্স এবং রেভিনিউ স্ট্যাম্পস উত্যাাদি) অবশ্যই পালন করা উচিত। ভ্যাট এবং ট্যাক্স (VAT and Tax) প্রতিটি চেক পেমেন্ট হতে কর্তন এবং কর্তনকৃত টাকা সরকারি আইন অনুযায়ী সরকারী খাতে জমা দিতে হবে।

১২ দরপত্র এবং 'দরপত্র পর্যবেক্ষণ ও মূল্যায়ন বিবরণী':

যে কোন ক্রয় মূল্য ১০,০০১/=টাকা বা তার উপরে হলে প্রকৃত সরবরাহকারী/ভেডারগনের কাছ থেকে কম পক্ষে তিনটি দরপত্র সংগ্রহ করা আবশ্যিক। তিনটি দরপত্রের ভিত্তিতে একটি 'দরপত্র পর্যবেক্ষণ ও মূল্যায়ন বিবরণী' (Form: H) তৈরী করা আবশ্যিক। সবদিক থেকে কম মূল্য প্রদানকারীকে অবশ্যই গ্রহণপূর্বক মাল সরবরাহ করার অপার (accepting offer) দিতে হবে। কিন্তু ক্রয়ের জন্য দ্রব্যের বা সেবার প্রযুক্তিগত দিকগুলির ধরন (technical in nature), পেশাগতদিক (professional), এবং প্রযুক্তিগত মান (technical quality) এইদিকগুলিকে অবশ্যই ক্রয়কমিটির সদস্যদেরকে বিবেচনার সময় প্রাধান্য দিতে হবে। মূল্য বা কষ্ট ক্রয়কমিটির সদস্যদের উপস্থিতিতে একমত্রে আসার জন্য আলোচনা করা।

যদি সরকারি এজেন্সি কর্তৃক, দ্রব্য উৎপাদনকারী/তৈরীকারী বা সংস্থা, একক দ্রব্য বন্টনকারী বা প্রতিষ্ঠান, অনুমোদিত ডিলার, একক দ্রব্য আমদানিকারী ব্যক্তি/প্রতিষ্ঠান কোনদ্রব্যের দর বা একক মূল্য নির্ধারণ বা ঠিক করে থাকে সেইক্ষেত্রে কোন প্রকার দরপত্র আহবানের দরকার নেই। তবে, যদি একই দ্রব্য বা জিনিস কিন্তু মূল্য ভিন্ন সেই ক্ষেত্রে সরবরাহকারী ব্যক্তি/প্রতিষ্ঠান (সরকারি এজেন্সি কর্তৃক, দ্রব্য উৎপাদনকারী/তৈরীকারী বা সংস্থা, একক দ্রব্য বন্টনকারী বা প্রতিষ্ঠান, অনুমোদিত ডিলার, একক দ্রব্য আমদানিকারী ব্যক্তি/প্রতিষ্ঠান) একাদিক হয় সেই ক্ষেত্রে সরবরাহকারী/ভেডারগনের কাছ থেকে কম পক্ষে তিনটি দরপত্র সংগ্রহ করা আবশ্যিক। ভেডারকে ক্রয়ের আদেশ দেয়ার তারিখ হতে দরপত্রের মূল্য ১৮০ দিন পর্যন্ত কার্যকর থাকবে।

১৩ স্পট দরপত্র/খোলা মার্কেট ক্রয় প্রক্রিয়াসমূহ:

নিম্ন লিখিত পরিস্থিতিতে বা ক্ষেত্রে স্পট বা সরাসরি ক্রয় করা যাইতে পারে;

ক. দুর্যোগপূর্ণ সময়ে বা জরুরীভিত্তিতে প্রোগ্রামের চাহিদাপূরণের জন্য ক্রয়করা।

খ. যখন কোন এনলিস্টেড বা তালিকাভুক্ত ভেডার কোন বিশেষ দ্রব্য সরবরাহ করা জন্য পাওয়া যায় না এবং সাধারণ সরবরাহকারী প্রতিষ্ঠান সুনির্দিষ্ট চাহিদা সরবরাহ করতে অপারগ/অক্ষম।

গ. যখন কোন এনলিস্টেড বা তালিকাভুক্ত ভেডার সমতার ক্রয় পদ্ধতির নিয়মানুযায়ী দ্রব্য সরবরাহে আগ্রহ না দেখানো।

ঘ. যখন কোন নন-এনলিস্টেড ভেডার/দোকানদার/খুচরা বিক্রেতা/পাইকারি বিক্রেতা যারা ক্যাশ/পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট/চেক প্রাপ্তির ভিত্তিতে দ্রব্যাদি সরবরাহ করে থাকে।

ঙ. সরকারি অনুমোদিত পেট্রোল পাম্প জ্বালানী এবং লুবরিক্যান্ট (যন্ত্রে ব্যবহারযোগী তেল) বিক্রয়ের জন্য ছাপানো এবং নির্দিষ্ট দর আছে।

স্পট দরপত্রের ভিত্তিতে কোন দ্রব্য বা মালামাল ক্রয়ের জন্য নিম্নে বর্ণিত শৃঙ্খলের ব্যাখ্যা অবশ্যই মেনে চলা উচিত:

- নির্বাহী পরিচালক কর্তৃক স্পট ক্রয়ের জন্য একটি ওয়েভার লেটার (wavier letter)/ক্রয়নীতি প্রযোজ্য নহে এই মর্মে ছাড়পত্র ইস্যু করা।
- জড়িত ব্যক্তিবর্গ কম পক্ষে দুইটি স্পট দরপত্র সংগ্রহ করা।

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

- ক্রয়কমিটি সরাসরি সংগ্রহকৃত স্পট দরপত্রগুলি মূল্যায়ন করবেন এবং 'দরপত্র পর্যবেক্ষণ ও মূল্যায়ন বিবরণী' (Form: H) তৈরী ছাড়াই ভাল দরপত্র অনুযায়ী ভেদার নির্বাচিত করা ।
- বিল/চালান সমূহ এবং 'দরপত্র পর্যবেক্ষণ ও মূল্যায়ন বিবরণী' (যদি তৈরী করা হয়) দরপত্রের সাথে সংযুক্ত করে নির্দিষ্ট অফিসের ফিন্যান্স বিভাগে প্রেরণ করা ।

১৪ স্থায়ী সম্পদ ক্রয় নীতি:

যে সমস্ত জিনিসের সার্ভিস সময়কাল এক বছরের অধিক এবং একক জিনিসের মূল্য কমপক্ষে ৫০০০ টাকা (পাঁচ হাজার টাকা) সেই সমস্ত জিনিসকে স্থায়ী সম্পদ এবং মূলধনজাতীয় খরচ হিসাবে দেখাতে হবে । যে কোন স্থায়ী সম্পদ ক্রয় করার পূর্বে একটি উপযুক্ত/সঠিক যুক্তি বা সত্যতা (proper justification) থাকা দরকার এবং অবশ্যই অনুমোদিত বাজেটে থাকতে হবে এবং যথোযথ অনুমোদিত ব্যক্তির কাছ থেকে অনুমোদন (approval from the appropriate authority) নিতে হবে । ভোগ্যজাতীয় জিনিস ক্ষেত্রে স্থায়ী সম্পদ ক্রয়ের সাথে জড়িত সকল নিয়ম, বিধিমালা এবং পদ্ধতি সমূহ প্রযোজ্য হবে না এবং যে সমস্ত জিনিস ভোগ্যজাতীয় এবং জিনিসের সার্ভিস সময়কাল এক বছরের কম এবং একক জিনিসের মূল্য ৫০০০ (পাঁচ হাজার টাকা) টাকা সেইগুলিকে রেভিনিউ একাউন্ট (মূনাফা হিসাব) এ চার্জ করা অর্থাৎ স্থায়ী সম্পদ এর ক্রয়মূল্য রেভিনিউ একাউন্ট (মূনাফা হিসাব) এ চার্জ না করা ।

১৫ নির্মাণ কাজ (Construction Works):

সমতারা যে কোন নির্মাণ কাজের অর্থাৎ টিনসেড, আধাপাঁকা দালান এবং/বা পাকা দালান, মাটিভরাট/মাটির কাজ, দেওয়াল তৈরী, সিভিল কন্টাকশন/রক্ষণাবেক্ষণের কাজ কোনপ্রকার টেন্ডার এবং/বা কমপক্ষে তিনটি দরপত্রের ছাড়া করা যাইতে পারে । সুতরাং সংগঠনের প্রয়োজনে এবং যদি পরিস্থিতির চাহিদা মোতাবেক ক্রয় প্রক্রিয়া পরিবর্তন করা দরকার । এই ধরনের ক্ষেত্রে নিম্নলিখিত চাহিদাগুলি দরকার;

- সংশ্লিষ্ট অফিসের ক্রয় কমিটির সদস্যগণ নির্মাণ কমিটির সদস্য হতে হবে ।
- এই ধরনের কাজ সমাপ্ত করার দায়িত্ব সংশ্লিষ্ট অফিসের নির্মাণ কমিটির সদস্যগণের ।
- সংশ্লিষ্ট ক্রয়/নির্মাণ কমিটিকে অবশ্যই নির্বাহী পরিচালকের পূর্ব অনুমোদন সাপেক্ষে যে কোন কাজের শুরু বা এই জাতীয় কাজের বাস্তবায়নের বা কেনাকাটা করতে হবে ।
- সংশ্লিষ্ট অফিসের ক্রয় কমিটির/নির্মাণ কমিটিকে অবশ্যই কাজের পরিকল্পনা এবং কাজের বাজেট নির্বাহী পরিচালককে তার যাচাই এবং চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে ।
- একজন টেকনিক্যাল ব্যক্তিকে এই ধরনের কাজের সাথে অবশ্যই সম্পৃক্ত/জড়িত করতে হবে ।
- ক্রয়ের সাথে জড়িত সকল ক্ষেত্রে প্রতি জিনিসের পরিমাণ, গুণগতমান, মূল্য, সরবরাহ, ব্যবহার, মজুদ, অগ্রগতি পরিদর্শন, এবং পরিশোধ ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট ক্রয় কমিটির/নির্মাণ কমিটি সদস্যবৃন্দের (মোট সদস্যের মধ্যে ২/৩rd অংশের) মাঝে সমন্বয় এবং যোগাযোগ ভাল থাকতে হবে ।

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

- সংশি- ষ্ট ক্রয় কমিটির/নির্মান কমিটি সদস্যবৃন্দের (মোট সদস্যের মধ্যে ২/৩rd অংশের) ক্রয়ের সাথে জড়িত সকল কার্যক্রম (কাজগুলি/সেবাগ্রহণ এবং সুবিধাদি) ভালভাবে এবং গ্রহণযোগ্য খরচের মধ্যে অর্থাৎ অনুমোদিত সীমার মধ্যে এবং সমতার আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইড লাইনের নীতিমালা এবং পদ্ধতি অনুযায়ী সঠিকভাবে বাস্তবায়নের পুরাপুরি দায়িত্ব ।
- যদি কোন কারনের সাধারণ আর্থিক সীমা (অনুমোদিত কাজের বাজেট ছাড়িয়ে যায়) অতিক্রম করে যায়, তখন সংশি- ষ্ট ক্রয় কমিটির/নির্মান কমিটি সদস্যবৃন্দের (মোট সদস্যের মধ্যে ২/৩rd অংশের) অবশ্যই নির্বাহী পরিচালকের পূর্ব অনুমোদন নিতে হবে ।
- সংশি- ষ্ট ক্রয় কমিটির/নির্মান কমিটি সদস্যবৃন্দের (মোট সদস্যের মধ্যে ২/৩rd অংশের) ক্রয়ের সাথে জড়িত সকল প্রকার দলিলাদি এবং রেকর্ড সমূহ দেখার অধিকার থাকবে এবং তাদের স্বাক্ষরের পর একাউন্ট সেকশন পরিশোধের ব্যবস্থা নিবে ।

১৬ ভূমি ক্রয় (Procurement of Land):

ভূমি ক্রয়, যদি বাজিটের মধ্যে বন্টন থাকে এবং নির্বাহী পরিচালকের পূর্ব অনুমোদন থাকে, তখনই সংশি- ষ্ট ক্রয় কমিটি প্রয়োজনীয় প্রদক্ষেপ নিতে পারে যেখানে সংস্থার সুবিধা হবে এমন স্থানে উপযুক্ত ভূমি খুজে বাহির করা । ক্রয় কমিটির পাশাপাশি, নির্বাহী পরিচালক একজন দক্ষ ব্যক্তি বা টেকনিক্যাল ব্যক্তিকে নিয়োগ দিবেন যিনি তাদের সাথে কাজ করবেন ভূমি খোজা, বাছাই, উক্ত ভূমির বাজার মূল্য কি হতে পারে তা দেখা ।

ব্যয়ভার জড়িত মালিকানা খোজা বা মালিকানার অবস্থা, রেজিস্ট্রেশন, ভূমি উন্নয়ন, মাটির কাজ, এবং অন্যান্য ব্যয় ইত্যাদি ক্রয়ের পূর্বে বিবেচনায় এনে আনুমানিক ব্যয় নির্ণয় এবং মূল্য নিরূপণ/নির্ণয়কৃত নির্বাহী পরিচালকের অনুমোদন সাপেক্ষে জমি ক্রয় করতে হবে । এই ধরনের ভূমি ক্রয়ের উদ্দেশ্য এবং ইহার সময়ের পরিকল্পনা সমতার ব্যবহারের জন্য একক ভাবে ব্যবহারের পরিকল্পনার সাথে মিল হতে হবে । ক্রয়কৃত ভূমির চুক্তি সমতার নামে হতে হবে ।

১৭ যানবাহনের জ্বালানী ক্রয় (Procurement of Vehicle Fuel):

সংশি- ষ্ট অফিসকে অবশ্যই যানবাহনের জ্বালানী ও ওয়েল তালিকাভুক্ত ফ্যুয়েল স্টেশন ক্রেডিট পি- পের মাধ্যমে ক্রয় করা উচিত । ক্রেডিট পি- পের বহিঃসরবরাহ করবে ভেভার, প্রতিটি পৃষ্ঠা হবে তিনটি ভাগে বিভক্ত । প্রতিটি অফিসের জন্য নির্বাহী পরিচালক কর্তৃক মনোনীত কিছু সংখ্যক কর্মী যারা ক্রেডিট পি- পের প্রত্যেকটি পৃষ্ঠায় অনুমোদিত ব্যক্তি হিসাবে স্বাক্ষর করবে । জ্বালানী ও ওয়েল যানবাহনে ভরার সময় সংশি- ষ্ট চালক/ড্রাইভার ক্রেডিট পি- পের বহিঃফ্যুয়েল স্টেশনের জন্য বহন করবে, যা অনুমোদিত ব্যক্তির দ্বারা স্বাক্ষরিত হতে হবে । এই রীতিতে নগদ বা ক্যাশ লেনদেনের ভাগ হ্রাস পাবে এবং পরবর্তী মাসের শুরুতে ফ্যুয়েল পাম্পের অনুকূলে 'একাউন্ট পেএি চেকের' মাধ্যমে পরিশোধ করা যাবে ।

১৮ যানবাহন এবং মটরসাইকেলের মেরামত (Repair of Vehicle & Motor Cycles):

সংশি- ষ্ট অফিসকে অবশ্যই যানবাহনের এবং /বা মটর সাইকেলের মেরামত তালিকাভুক্ত 'মটর/ভেহিক্যালস্ রিপিরারিং ওয়ার্কসপ' মাধ্যমে করা উচিত । সংশি- ষ্ট চালক/ড্রাইভারকে অবশ্যই 'যানবাহন মেরামত এবং রক্ষণাবেক্ষনের অনুরোধ' পত্র বা Request for Vehicle Repairs & Maintenance' (Form: X) প্রতিটি অফিসের ভেহিক্যাল ইন-চার্জের নিকট জমা দিতে হবে, যদি তার যানবাহন /মটরসাইকেলের কোন প্রকার মেরামতের প্রয়োজন হয় । মেরামতের কাজ শুরুর পূর্বে অনুমোদিত ব্যক্তির কাজ করার অনুমোদন নিতে হবে । এই রীতিতে নগদ বা ক্যাশ লেনদেনের ভাগ হ্রাস পাবে এবং পরবর্তী মাসের শুরুতে 'মটর/ভেহিক্যালস্ রিপিরারিং ওয়ার্কসপ' নামে বা অনুকূলে 'একাউন্ট পেএি চেকের' মাধ্যমে পরিশোধ করা যাবে ।

১৯ বিশেষ ক্ষেত্রে ক্রয়ের নীতিসমূহ (Procurement policies under Special Ground):

সাধারণ ক্রয় নীতিমালা এবং পদ্ধতিসমূহের বাহিরে নিম্ন লিখিত অতিরিক্ত নিয়মগুলি বিশেষ ক্ষেত্রে প্রোগ্রামের কার্যসূচিগুলি সহজ ভাবে চালাতে প্রয়োজন হয়:

প্রস্তুতকরন: জানুয়ারী ২০১০

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

- বৈধ এবং গ্রহণযোগ্য কারণে কোন নির্দিষ্ট জিনিস বা কাজ করার জন্য বাজেটের যে কোন লাইনে ফান্ড ঘাটতি দেখা দিলে যা সমতার ম্যানেজমেন্ট কর্তৃক সুবিবেচনা এবং নির্বাহী পরিচালকের অনুমোদনের (দাতাদের সাথে আলাপ সাপেক্ষে) ভিত্তিতে অতিরিক্ত খরচ অনুমোদিত একই বাজেটের অন্য লাইনে অতিরিক্ত টাকার সাথে সমন্বয় করতে পারবে।
- জরুরী ক্ষেত্রে, যদি মনে হয় প্রোগ্রামের কর্মসূচি বাস্তবায়নে ইহার গুরুত্ব অনেক, সংশ্লিষ্ট প্রোগ্রাম প্রধানের ব্যাখ্যা প্রদান সাপেক্ষে সমতার ম্যানেজমেন্ট কর্তৃক বিবেচনা এবং নির্বাহী পরিচালকের অনুমোদনের (দাতাদের সাথে আলাপ সাপেক্ষে) পর্যাপ্ত তহবিলের (ফান্ডের) নিশ্চয়তা সাপেক্ষে অনুমোদিত মোট বাজেটের একই খাত হতে যে কোন দ্রব্যসামগ্রী এবং/বা সেবার জন্য অর্থ ব্যয় করতে পারবে।
- জরুরী ক্ষেত্রে, যদি মনে হয় প্রোগ্রামের কর্মসূচি বাস্তবায়নে ইহার গুরুত্ব অনেক তারই ভিত্তিতে নির্বাহী পরিচালকের বা তার নিয়োজিত ব্যক্তির অনুমোদন ছাড়া সংশ্লিষ্ট ক্রয়কমিটি যে কোন দ্রব্যসামগ্রী এবং/বা সেবা ক্রয় করতে পারবে। কোন পরিস্থিতিতে ক্রয়করা হলো তার বৈধ এবং গ্রহণযোগ্য কারণগুলি ব্যাখ্যা প্রদান সাপেক্ষে 'পোস্ট ফেক্টো অনুমোদন' (Post Facto Approval) নির্বাহী পরিচালকের বা তার নিয়োজিত ব্যক্তির কাছ থেকে নিতে হবে।

২০ অর্থ পরিশোধের ধরন (Mode of Payment):

কোন দ্রব্যসামগ্রী বা সেবার গ্রহণের পাওনা ১০,০০০/= (দশ হাজার) টাকার উপরে হলে ভেভারের প্রতিষ্ঠানের নামে বা এন্টারপ্রাইজের অনুকূলে একাউন্ট পেট্রি চেকের মাধ্যমে তাদের পাওনা পরিশোধ করতে হবে। যদি সম্ভব না হয়, সেই ক্ষেত্রে ভেভারের কাছ থেকে একটি লিখিত অনুরোধপত্র আনতে হবে, যে ভেভার তার মালিকের নামে বা বাহকের চেকের মাধ্যমে দ্রব্যসামগ্রী বা সেবা প্রদান করতে আগ্রহী। এই পত্রে মালিক কর্তৃক যিনি দ্রব্য বা সেবা গ্রহণকারী প্রতিষ্ঠান থেকে চেক গ্রহণকারীর স্বাক্ষর সনাক্ত করে দিতে হবে।

- সমতা যখন ভেভারের কাছ থেকে দ্রব্যসামগ্রী বা সেবা গ্রহণ করে, যদি ভেভার নগদ টাকা চায়, সেই ক্ষেত্রে নিম্ন বর্ণিত পদ্ধতি সমূহ অবশ্যই মেনে চলা উচিত:
- প্রতিটি দ্রব্যের চাহিদা পরিমাণ যা 'ক্রয় চাহিদাপত্রে'/ক্রয় আদেশে উল্লেখ আছে এবং ভেভারের কাছে পর্যাপ্ত আছে তা ভেভারের কাছ থেকে ক্রয়ের সময় জেনে নিতে হবে।
- ক্রয় চাহিদাপত্রে/ক্রয় আদেশপত্রে বর্ণিত দ্রব্যের একক মূল্য এবং ভেভারের কাছে চাদিমাপিক দ্রব্যসামগ্রী পর্যাপ্ত আছে এই সকল বিষয়ের ভিত্তিতে ক্রয় কমিটি হিসাব করে দেখবে এবং ভেভারকে তার পাওনা টাকা পরিশোধ করা।
- ক্রয়কমিটিকে পরিশোধের জন্য একটি 'ক্যাশ চাহিদা মেমো' (Cash Request Memo) তৈরী করে হিসাব বিভাগকে প্রদান করতে হবে।
- 'ক্যাশ চাহিদা মেমো' (Cash Request Memo) অবশ্যই স্বাক্ষরকারীগণের মধ্য থেকে কাহারো দ্বারা অনুমোদন করতে হবে।

২১ ক্রয় রেজিস্টার (Procurement Register):

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

সংশি- ষ্ট অফিসে ১০,০০১/= টাকা বা উপরে যাহা দরপত্র, 'দরপত্র পর্যবেক্ষণ ও মূল্যায়ন বিবরণী', ক্রয়ের আদেশ এবং/বা চুক্তিপত্রের মাধ্যমে ক্রয় করা হয়, সেইগুলির জন্য একটি ক্রয় রেজিস্টার (Form: L) রক্ষণাবেক্ষণ করা উচিত ।

২২ ক্রয় ফাইল (Procurement File):

সংশি- ষ্ট অফিসের প্রশাসনের তত্ত্বাবধানে ক্রয় সংক্রান্ত সকল প্রকার নথিপত্র/দলিলাদির (যেমন ফটোকপি অব ক্রয়ের চাহিদাপত্র, দরপত্র, 'দরপত্র পর্যবেক্ষণ ও মূল্যায়ন বিবরণী', ক্রয়ের আদেশ এবং/বা চুক্তিপত্র) জন্য একটি ক্রয় ফাইল রক্ষণাবেক্ষণ করা উচিত ।

XI. সম্পদ ব্যবস্থাপনা (INVENTORY MANAGEMENT):

প্রস্তুতকরন: জানুয়ারী ২০১০

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

সমতার সম্পদ ব্যবস্থাপনার নীতিমালায় কিছু কিছু প্রধান বিষয় অন্তর্ভুক্ত আছে। যেমন সম্পদের সূত্র এবং ব্যবস্থাপনা, শ্রেণীবিভাগ, স্টোর ব্যবস্থাপনা, পরিত্যক্ত ঘোষনার জন্য গঠিত কমিটি, বহিসমূহ এবং দলিলাদিসমূহ ইত্যাদি।

১. সম্পদের সূত্র এবং ব্যবস্থাপনা (Definition of Inventory & Inventory Management):

‘সম্পদ’ অর্থ সকল প্রকার স্পর্শনীয় জিনিস/দ্রবাদের মালিকানা যেমন অফিস সাপ- আইজ/স্টেশনারি, যানবাহনের খুচরা যন্ত্রাংশ, প্রোগ্রামার দ্রাবাদি ও যন্ত্রপাতি, জ্বালানী, গাড়ী, মোটর সাইকেল, বাই-সাইকেল, জেনারেটর, ফটোকপিয়ার, ক্যামেরা, কম্পিউটার, প্রিন্টার, সিলিংফ্যান, টেবিলফ্যান, এয়ারকন্ডিশনার, রিফ্রিজারেটর, মাল্টিমিডিয়া প্রজেক্টর, স- আইড প্রজেক্টর, টেলিভিশন, আসবাবপত্র, ফিক্সার, এবং যন্ত্রপাতি, ইত্যাদি।

‘সম্পদ ব্যবস্থাপনা’ এর শর্তাবলীর প্রক্রিয়া হলো সকল প্রকার স্পর্শনীয় জিনিস/দ্রবাদের সঠিক রেকর্ডকপিং ব্যবস্থা যেমন প্রাপ্তি, বিতরণ এবং জের, হিসাবনিকাশ, পর্যাপ্ত সাপোর্টিং দলিলাদির নিশ্চয়তা প্রদান, নিয়ন্ত্রণ, মনিটর করা এবং সঠিকভাবে নিরাপদ রাখা।

২. সম্পদের শ্রেণী বিভাগ (Classification of Inventory):

ভোগ্যপণ্য সম্পদ (Consumable Inventory):

নিম্নে বর্ণিত জিনিস/দ্রাবাদিগুলি ভোগ্যপণ্য সম্পদ হিসাবে গন্য করা যায়;

- অফিস সাপ- আইজ/স্টেশনারির অন্তর্ভুক্ত ভোগ্যপণ্য; সকল প্রকার স্টেশনারি, কম্পিউটার পেপার, প্রিন্টার টোনার, রিবন, ফটোকপিয়ারের কালি, ফটোকপি পেপার, বিদ্যুৎ-সংক্রান্ত দ্রাবাদি, চা, দুধ, চিনি, ইত্যাদি। সাধারণত এই সমস্ত জিনিসগুলি অফিসের সাধারণ কাজের উদ্দেশ্যে ক্রয় করা হয়। এই জাতীয় জিনিস/দ্রাবাদি ক্রয় করার পর স্টোরকিপারের মাধ্যমে সরাসরি গ্রহণ এবং ‘স্টক রেজিস্টার’ (Stock Register) এ রেকর্ড করা। (Form: K)
- প্রশিক্ষণের জিনিসগুলির অন্তর্ভুক্ত ভোগ্যপণ্য; সকল প্রকার স্টেশনারি, কম্পিউটার পেপার, প্রিন্টার টোনার, ফটোকপিয়ারের কালি, রিবন, ফিল্ম, ফটোকপি পেপার, ইত্যাদি। যদি জিনিসগুলি একমাত্র প্রশিক্ষণের জন্য ক্রয় করা এবং ব্যয়িত অর্থ সংশ্লিষ্ট প্রোগ্রামার ট্রেনিং খাতে চার্জ করতে হবে। এই জাতীয় ট্রেনিং জিনিস/দ্রাবাদি ক্রয় করার পর সংশ্লিষ্ট ট্রেনিং এর জন্য প্রোগ্রামার সরাসরি বিতরণ করা।

অভোগ্যপণ্য সম্পদ (Non-Consumable Inventory):

নিম্নে বর্ণিত ভোগ্যপণ্য নয় এমন জিনিস/দ্রাবাদি বা স্থায়ী সম্পদ হিসাবে গন্য করা যায়;

- Furniture, Fixture & Equipments (FF&E) এর অন্তর্ভুক্ত পণ্য; টেবিল, চেয়ার, আলমিরা, সোপাসেট, ফাইল কেবিনেট, রেক, ক্যালকুলেটর, ব্রিপক্যাস, হেলমেট, ক্যামেরা, ভিডিও ক্যামেরা, মোবাইল ফোন, পেন-ড্রাইভ জেনারেটর, ফটোকপিয়ার, কম্পিউটার, প্রিন্টার, সিলিংফ্যান, টেবিলফ্যান, এয়ারকন্ডিশনার, রিফ্রিজারেটর, মাল্টিমিডিয়া প্রজেক্টর, স- আইড প্রজেক্টর, টেলিভিশন, অগ্নিনির্বাপক যন্ত্র, ইত্যাদি।
- যানবাহনের অন্তর্ভুক্ত পণ্য; চার চাকার গাড়ী, মোটর সাইকেল, বাই-সাইকেল, ট্রলি, ইঞ্জিনচালিত নৌকা, ইত্যাদি।

৩. স্টোর ব্যবস্থাপনা (Store Management):

প্রস্তুতকরন: জানুয়ারী ২০১০

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

উপ-পরিচালক (প্রশাসন) বা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে সংস্থার স্টোরের কার্যক্রমগুলি বিশ্বাসের সাথে চালু এবং নিয়ন্ত্রণ করতে হবে। প্রত্যেকটি অফিস পৃথক করে একটি স্টোর ব্যবস্থাপনার সাধারণত যে সমস্ত ভোগ্যপণ্য জিনিসগুলি অফিসের সাধারণ কাজের উদ্দেশ্যে ক্রয় করা হয়। সংশ্লিষ্ট বাজেটের বরাদ্দকৃত অর্থের অধীনে এই জাতীয় জিনিস/দ্রব্যাদির ব্যয়িত অর্থ মূনাফাজাতীয় খরচ হিসাবে চার্জ করতে হবে। স্টোর হতে এই জাতীয় ভোগ্যপণ্য জিনিস/দ্রব্যাদি প্রাপ্তি ও বিতরণ 'স্টক রেজিস্টার' (Stock Register, **Form: K**) এ রেকর্ড করতে হবে। ভোগ্যপণ্য নয় এমন দ্রব্যাদিসামগ্রী 'স্থায়ী সম্পদ রেজিস্টার' ('Fixed Assets Register', **Form: L**) এ রেকর্ড করতে হবে। একজন ব্যক্তি থাকবে, যার দায়িত্ব হবে সংশ্লিষ্ট অফিসের স্টোর রক্ষণাবেক্ষণ করা, তাকে বলা হয় 'স্টোর-ইন-চার্জ' (Store-In-Charge) বা 'স্টোর রক্ষক' (Store Custodian)। 'স্টোর চাহিদাপত্র' ('Store Requisition', **Form: Q**) এ সংশ্লিষ্ট অফিসের ইন-চার্জ এর অনুমোদন সাপেক্ষে অনুরোধকারী ব্যক্তি বা প্রোগ্রামের চাহিদা অনুসারে দ্রব্যসামগ্রী স্টোর থেকে বিতরণ করবে। প্রতি অফিসের ইন-চার্জ এর দায়িত্ব সমতার অধীনে সংশ্লিষ্ট স্টোর পরিদর্শন করা।

৪. পরিত্যক্ত ঘোষনার কমিটি (Disposal Committee):

দ্রব্যসামগ্রী পরিত্যক্ত ঘোষনার পদ্ধতি নিশ্চয়তা প্রদানের জন্য সমতা একটি 'পরিত্যক্ত ঘোষনা কমিটি' (Disposal Committee) গঠন করা আবশ্যিক। প্রতিটি কষ্ট সেন্টার/প্রত্যেক অফিসের জন্য 'পরিত্যক্ত ঘোষনা কমিটি' (Disposal Committee) সকল সদস্যগণ (বিভিন্ন পদবি থেকে) নির্বাহী পরিচালক বা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির দ্বারা নির্বাচিত এবং অনুমোদিত হতে হবে। ফলে প্রত্যেক সদস্য প্রস্তুতবিত পরিত্যক্ত দ্রব্যসামগ্রীর বর্তমান অবস্থা বাস্তবের যাচাই করে স্বাধীনভাবে পরিত্যক্ত দ্রব্যসামগ্রীর উপর বক্তৃগত মতামত দিতে পারবেন। সংশ্লিষ্ট কমিটি চিহ্নিত করবে যে সমস্ত দ্রব্য সামগ্রী মেরামত যোগ্য নয়, সেগুলি পরিত্যক্ত করার জন্যতার ঘোষনা এবং পরামর্শ দিবে। সংশ্লিষ্ট কমিটির সদস্যবৃন্দের (মোট সদস্যের মধ্যে ২/৩rd অংশের) মতামতের ভিত্তিতে পরিত্যক্তের আদেশ বা বিক্রয় আদেশ পত্র তৈরী করতে হবে। যদি সদস্যদের এই ব্যাপারে ভিন্ন মতামত থাকে তা লিখিত আকারে থাকা আবশ্যিক এবং তাহা রেকর্ডে থাকতে হবে। অফিসের সাথে জড়িত ক্ষতিগ্রস্ত বা সেকেলের ভোগ্যপণ্য ভোগ্যপণ্য নয় এমন দ্রব্যসামগ্রী পরিত্যক্ত বা অকশন সেলের জন্য একটি লিখিত প্রস্তুতবিত সদস্যদের মন্ডব্য ও সুপারিশ সহ নির্বাহী পরিচালক বা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির দ্বারা যাচাই এবং অনুমোদনের জন্য পাঠাতে হবে। প্রত্যেক সদস্যকে অবশ্যই সব দলিলাদির সকল পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৫. বহি এবং দলিলাদিসমূহ (Books & Documents): সমতার অধীনস্কে প্রতিটি অফিস সম্পদের সাথে জড়িত নিম্নে বর্ণিত বহি এবং দলিলাদিসমূহ রক্ষণাবেক্ষণ করতে হবে;

ক. বহিসমূহ (Books):

- স্টক রেজিস্টার (SR): যে সমস্ত ভোগ্যপণ্য দ্রব্য সামগ্রীর অফিসের সাধারণ কাজের উদ্দেশ্যে ক্রয় কর হয়, তার প্রকৃত পরিমান, একক দাম/প্রতিটির দর, এবং পুঙ্খানুপুঙ্খ বর্ণনা সহ প্রত্যেক অফিসকে একটি 'স্টক রেজিস্টার' (Stock Register) রক্ষণাবেক্ষণ করবে। (**Form: K**)
- স্থায়ী সম্পদ রেজিস্টার (FAR): যে সমস্ত দ্রব্য সামগ্রীর ভোগ্যপণ্য নয়, সেই সমস্ত দ্রব্য সামগ্রীর প্রকৃত পরিমান, একক দাম/প্রতিটির দর, এবং পুঙ্খানুপুঙ্খ বর্ণনা সহ সমতার কেন্দ্রীয় অফিস একটি 'স্থায়ী সম্পদ রেজিস্টার' ('Fixed Assets Register' **Form: M**), রক্ষণাবেক্ষণ করবে। কেন্দ্রীয় অফিস প্রতিটি জিনিসের পরিচিতি নম্বর বরাদ্দ করবে এবং সংশ্লিষ্ট অফিসগুলিতে বরাদ্দকৃত নম্বর প্রতিটি জিনিসের উপর দেওয়ার জন্য মাসিক ভিত্তিতে 'স্থায়ী সম্পদের রিপোর্টিং ফর্ম' ('Fixed Assets Reporting Form', **Form: N**) মাধ্যমে জানাতে হবে।

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

- ব্যক্তিগত সম্পদ রেজিস্টার (IIR): যে সম্পদ দ্রব্য সামগ্রীর ভোগ্যপণ্য নয় সেইগুলি যদি কর্মীর কাছে দীর্ঘ সময়ের জন্য থাকে, অফিসের সেই সম্পদ দ্রব্য সামগ্রীর প্রকৃত পরিমান, একক দাম/প্রতিটির দর, এবং পুঙ্খানুপুঙ্খ বর্ণনা সহ সমতার প্রতিটি অফিস একটি ‘ব্যক্তিগত সম্পদ রেজিস্টার’ (‘Individual Inventory Register’ Form: O), রক্ষণাবেক্ষণ করবে। সম্পদগুলি যেমন মোটর সাইকেল, বাই-সাইকেল, ক্যালকুলেটর, ব্রিপক্যাস, ব্যাগ, হেলমেট, ক্যামেরা, ভিডিও ক্যামেরা, মোবাইল ফোন, পেন-ড্রাইভ, মাল্টিমিডিয়া প্রজেক্টর, স- আইড প্রজেক্টর, ইত্যাদি।

খ. ছকসমূহ (Formats):

- ডেলিভারী চালান (Delivery Challan): এক অফিস হতে অন্য অফিসে কোন জিনিস বা দ্রব্য সামগ্রী পাঠানোর প্রয়োজন হলে সংশ্লিষ্ট অফিসের কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ‘ডেলিভারী চালান’ (Form: P) এর মাধ্যমে প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট অফিসের স্টোর রক্ষক দ্রব্য সামগ্রী (ভোগ্যপণ্য+ভোগ্যপণ্য নয়) অন্য অফিসে পাঠানোর সময় ‘ডেলিভারী চালান’ তৈরী করবে। দ্রব্য সামগ্রীর প্রকৃত পরিমান, একক দাম/প্রতিটির দর, এবং পুঙ্খানুপুঙ্খ বর্ণনা সহ অন্য অফিসের/স্থানের নাম ঠিকানা ‘ডেলিভারী চালান’ উল্লেখ থাকার আবশ্যিক। প্রতিটি অফিসকে এই ধরনের দলিলের জন্য একটি পৃথক ফাইল রক্ষণাবেক্ষণ করতে হবে।
 - স্টোর চাহিদাপত্র (Store Requisition Form): সংশ্লিষ্ট অফিসের কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ‘স্টোর চাহিদাপত্র’ (Form: Q) এর মাধ্যমে স্টোর থেকে দ্রব্য সামগ্রী বিতরণ করা হবে। যে কোন ব্যক্তি বা সংশ্লিষ্ট প্রোগ্রামের পক্ষে তার/তাদের চাহিদামাফিক ‘স্টোর চাহিদাপত্র’ (SRF) তৈরী করে এবং সংশ্লিষ্ট স্টোর রক্ষকের কাছে পাঠাতে হবে। সংশ্লিষ্ট অফিসের কর্তৃপক্ষের অনুমোদনের পর স্টোর রক্ষক তাদের চাহিদামাফিক দ্রব্যসামগ্রী স্টোর থেকে বিতরণ করে। এই ধরনের পদ্ধতি শুধু মাত্র সংশ্লিষ্ট অফিসের মধ্যে সীমিত। এই ধরনের দলিলের জন্য একটি পৃথক ফাইল রক্ষণাবেক্ষণ করতে হবে।
 - মাসিক স্থায়ী সম্পদের রিপোর্টিং ফর্ম (Monthly Fixed Assets Reporting Form): সমতার কেন্দ্রীয় অফিস একটি মাসিক স্থায়ী সম্পদের রিপোর্টিং ফর্ম (‘Fixed Assets Reporting Form’, Form: N) তৈরী করবে যাতে থাকবে প্রতিটি স্থায়ী সম্পদের প্রকৃত পরিমান, দর, এবং পুঙ্খানুপুঙ্খ বর্ণনা উল্লেখ থাকবে এবং প্রতিটি জিনিসের পরিচিতি নম্বর বরাদ্দ করে সংশ্লিষ্ট অফিসগুলিতে বরাদ্দকৃত নম্বর প্রতিটি জিনিসের উপর দেওয়ার জন্য মাসিক ভিত্তিতে ‘স্থায়ী সম্পদের রিপোর্টিং ফর্ম’ এর মাধ্যমে প্রেরণ করবে।
 - বাতিল করণ ফর্ম (Write Off Form): যদি ভোগ্যপণ্য দ্রব্যসামগ্রী নয় এমন জিনিস (Fixed Assets) হারানো, ক্ষয়ক্ষতি, বা বিক্রয় করার প্রয়োজন হয় তার জন্য সংশ্লিষ্ট অফিসের স্টোর রক্ষককে একটি ‘বাতিল করণ ফর্ম’ (‘write-off form’, Form: R) অবশ্যই তৈরী করে এবং তা যাচাই, মন্ড্র্য এবং পরামর্শের জন্য ‘পরিত্যক্ত ঘোষণা কমিটি’ (Disposal Committee) নিকট পাঠাতে হবে। এই ফরমে সদস্যদের স্বাক্ষর সহ তাদের মন্ড্র্য ও সুপারিশ সহ নির্বাহী পরিচালক বা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির দ্বারা যাচাই এবং অনুমোদনের জন্য পাঠাতে হবে।
- গ. দলিল সংরক্ষণ (Documentation): সম্পদের (উভয় ভোগ্যপণ্য + ভোগ্যপণ্য নয়) প্রাপ্তি এবং বিতরণের প্রয়োজনীয় তথ্য এবং বিস্তারিত রেকর্ডসমূহ সংশ্লিষ্ট অফিসকে রাখতে হবে।
- ঘ. দলিলাদি লেখার সীমাবদ্ধতা/বাধানিষেধ (Restriction for the documentations writing): যে কোন প্রয়োজনে স্টোরের রেকর্ড/দলিলাদিতে ওভাররাইটিং না করা বাঞ্ছনীয় বা করা যাবে না। যদি কোন পরিবর্তন করতে হয়, মূল লেখার উপর কলম দিয়ে একটি টান দিয়ে কাটতে হবে এবং পরিবর্তন/সঠিক করার পর সংশ্লিষ্ট ব্যক্তির স্বাক্ষর এবং সুপারভাইজারের দ্বারা স্বাক্ষর (countersigned by the supervisor) করে নেয়া। সরবরাহকারীর প্রাপ্তি কোন চালানে বা হিসাবের কোন রেকর্ডপত্রে, এবং অনুমোদিত লেনদেন পরিবর্তন করার স্টোর রক্ষকের কোন অধিকার নাই।

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

৬. সম্পদের ব্যবস্থাপনা (Management of Inventory):

ক. সংরক্ষণের স্থান (Accommodation):

সংশি- ষ্ট অফিসের একটি পৃথক স্থানে স্টোর ন্যস্ত করতে হবে এবং তালা চাবি দিয়ে বন্ধ রাখতে হবে।

খ. স্টোরে অধিকারপ্রদানের প্রক্রিয়া (Store authorization process):

সংশি- ষ্ট অফিসের ইন-চার্জ বা দায়িত্ব প্রাপ্তব্যক্তি যিনি নির্বাহী পরিচালক কর্তৃক নির্বাচিত হবে তিনি 'স্টোর চাহিদাপত্র' (Form: Q) অনুমোদন করবে। দ্রব্যসামগ্রী স্টোর থেকে বিতরণ করার পূর্বে 'স্টোর চাহিদাপত্র' অধিকারপ্রাপ্তব্যক্তির দ্বারা অনুমোদন করাতে হবে।

গ. দক্ষকর্মী (Competent Personnel): অভিজ্ঞতা এবং দক্ষতা সম্পন্ন ব্যক্তিকে স্টোর পরিচালনা করার দায়িত্ব দেওয়া।

ঘ. দায়িত্ব (Responsibilities): স্টোর পরিচালনার দায়িত্ব পরিষ্কার করে প্রতিষ্ঠিত করতে হবে। যেমন কারা স্টোরে কাজ করবে এবং কার অনুমতির দরকার ইত্যাদি।

ঙ. প্রাপ্তি এবং রেকর্ডিং পদ্ধতিসমূহ (Receiving & recording procedures):

- দ্রব্যসামগ্রী প্রাপ্তির পর দ্রব্যসামগ্রীর প্রকৃত নাম, পুঙ্খানুপুঙ্খ বর্ণনার ভিত্তিতে, পরিমাণ, একক দাম সহ 'স্টক রেজিস্টার' (Stock Register) এ অবশ্যই রেকর্ড করতে হবে। যদি দ্রব্যসামগ্রী কর্মকালীন সময়ের পরে গ্রহণ করা হয় তাহলে সেইগুলি পরবর্তী কর্মদিবসে অবশ্যই রেকর্ড করতে হবে।
- প্রতিটি প্রাপ্তি বা গৃহীত দ্রব্যসামগ্রীর বিপরীতে চালান বা বিল/ইনভয়েস থাকা আবশ্যিক।
- সরবরাহকারীর সরবরাহকৃত সকল দ্রব্যসামগ্রী গুণাগুণমান, পরিমাণ, সরবরাহকারীর স্বাক্ষরিত চালান বা বিল/ইনভয়েস এর সাথে চেক করে দেখার পর স্টোররক্ষক দ্রব্যসামগ্রী গ্রহণ করবে।

চ. বিতরণের পদ্ধতিসমূহ (Issuance procedures):

- প্রত্যেক স্টোর চাহিদাপত্রের ভিত্তিতে স্টোরসামগ্রী সংশি- ষ্ট প্রোগ্রামের কর্মীকে বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে প্রদান করতে হবে।
- প্রতিটি স্টোরসামগ্রীর বিতরণ/বন্টনের জন্য স্টোর চাহিদাপত্র বা চালান থাকা বাঞ্ছনীয়/আবশ্যিক।
- স্টোর থেকে দ্রব্যসামগ্রী গ্রহণ করার পর গৃহীতার স্বাক্ষর স্টোর চাহিদাপত্রে বা চালানে থাকা আবশ্যিক।

ছ. কক্ষ অনুযায়ী স্থায়ী সম্পদের তালিকা (Room-wise Fixed Assets List):

কক্ষের মধ্যে কতগুলি সম্পদ আছে তা এক নজরে দেখার জন্য প্রতিটি অফিসের প্রতিটি দরজায় 'কক্ষ অনুযায়ী স্থায়ী সম্পদের তালিকা' ('Room-wise Fixed Assets List', **Form: S**) ঝুলাতে হবে।

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

জ. স্থায়ী সম্পদের পরিচিতি নম্বর নিশ্চিত করণ (Ensure the identification number of Fixed Assets):

সম্পদের উপর বরাদ্দকৃত পরিচিতি নম্বর বসানো, কক্ষ অনুযায়ী স্থায়ী সম্পদের তালিকা এবং সঠিকভাবে স্থায়ী সম্পদের রিপোর্ট ও দলিলাদি ফাইলে রক্ষণাবেক্ষণ করার নিশ্চয়তা প্রদান করা প্রতিটি অফিস ইন-চার্জের দায়িত্ব।

ঝ. নির্দিষ্ট সময় অন্তর্গত সম্পদের অবস্থা (Periodic Physical Inventory):

- সমতার কর্তৃপক্ষ নির্দিষ্ট সময় পরপর বাস্তব অবস্থা জানতে হবে যে, স্টোরে রক্ষিত দ্রব্যসামগ্রী (ভোগ্যপণ্য ও ভোগ্যপণ্য নয় এমন দ্রব্যসামগ্রী) ও রেকর্ডের ভিত্তিতে প্রকৃত অধিকার এবং জেরের তদন্ত, গণনা, ওজন, পরিমাপ করা বা আনুমানিক ধরা, উভয়ের মধ্যে কোনপ্রকার গরমিল বাহির করা এবং ইহা ঠিক করণের ব্যবস্থা নেয়া।
- এই ধরনের গরমিল পরিহার করার জন্য অভ্যন্তরীণ নিরীক্ষা সেল স্বাধীনভাবে জের/স্টকের সাথে নির্দিষ্ট সময় পরপর মিলকরণ করবে।
- নির্বাহী পরিচালক বা তার দায়িত্ব প্রাপ্ত ব্যক্তির সাথে আলাপ আলোচনা এবং অনুমোদন সাপেক্ষে সমতার প্রতিটি অফিসের প্রধান বা অভ্যন্তরীণ নিরীক্ষা সেলের ব্যক্তি বা অর্থ বিভাগের ব্যক্তি দ্বারা স্টোরে সম্পদের অবস্থা নির্দিষ্ট সময় পরপর/বাৎসরিক নিরীক্ষা/চেকের ব্যবস্থা থাকা উচিত।
- স্টোরে সম্পদের অবস্থা নির্দিষ্ট সময় পরপর/বাৎসরিক নিরীক্ষা/চেকের জন্য একটি ‘বাস্তব পণ্যদ্রব্যের যাচাই ফর্ম’ (‘Physical Inventory Verification Form’, Form: T) তৈরী করা আছে।

ঞ. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ পদ্ধতি (Internal Control System):

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ পদ্ধতির উন্নয়নের নিশ্চয়তা প্রদানের সাপেক্ষে দায়িত্বভারে বিকেন্দ্রীকরণ করতে হবে কম পক্ষে তিনজন ব্যক্তি কর্তৃক স্টোরের সম্পদ রক্ষণাবেক্ষণ করতে হবে। নিম্নে বর্ণিত এরিয়াগুলি হলো;

- ব্যবহার (Handling)
- ক্রয়করা/হিসাবনিকাশ রাখা (Purchasing/Accounting)
- অনুমোদন (Approval)

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

XII. যানবাহন ব্যবস্থাপনা (VEHICLE MANAGEMENT):

সমতার যানবাহন ব্যবস্থাপনার নীতিমালায় কিছু কিছু প্রধান বিষয় অন্তর্ভুক্ত আছে। যেমন যানবাহন ব্যবস্থাপনা, যানবাহনের শ্রেণীবিভাগ, যানবাহন বন্টন এবং চলাচল/কার্যক্রম পদ্ধতিসমূহ, এবং রিপোর্ট ও দলিলাদিসমূহ ইত্যাদি। নীতি, নিয়মকানুন এবং বিধিসম্মতকরণ সময়ের সাথে সাথে সমতার স্বার্থে সমস্ত যানবাহনের ধরনের উপর পরিবর্তন, সংশোধন এবং সংস্কার হতে পারে।

১. যানবাহন ব্যবস্থাপনা (Vehicle Management):

যানবাহন অর্থ সকল প্রকার পরিবহন সুবিধাদি, যা সমতার অধীনে ক্রয় করা এবং সংগঠনের ব্যবহারের জন্য বাঞ্ছনীয়। সকল পরিবহনের মালিকানা হবে সমতা। প্রত্যেক এবং প্রতিটি শ্রুত যানবাহনের ব্যবস্থাপনায় অন্তর্ভুক্ত ক্রয়, রেজিস্ট্রেশন, ফিটনেস, বীমা, প্রোথ্রামে বন্টন, সাপোর্ট সার্ভিসে বন্টন, পরিশোধের ভিত্তিতে ব্যক্তিগত কাজে বন্টন, রক্ষণাবেক্ষণ, জ্বালানী ফুরানো, নিরাপত্তা ও নিরাপদ, এবং রিপোর্ট ও দলিলাদিসমূহ ইত্যাদি সংগঠনের সকল প্রোগ্রাম কর্মসূচিগুলির বাস্তবায়নে উন্নতমানের সেবার নিশ্চয়তা প্রদান করা বাঞ্ছনীয়। ‘যানবাহন ব্যবস্থাপনা’ এর শর্তাবলীর প্রক্রিয়া হলো সঠিক রেকর্ডকপিং ব্যবস্থা, যানবাহনের মুভমেন্ট/ব্যবহার, হিসাবনিকাশ, পর্যাপ্ত সাপোর্টিং দলিলাদির নিশ্চয়তা প্রদান, নিয়ন্ত্রণ, মনিটর করা এবং সঠিকভাবে নিরাপদ রাখা।

২. যানবাহনের শ্রেণী (Category of Vehicle):

- ৪ (চার) চাকার গাড়ী
- মোটর সাইকেল
- বাই-সাইকেল

৩. যানবাহনের শ্রেণী ভিত্তিতে বন্টন (Allocation Category of Vehicle):

চার চাকার গাড়ী বরাদ্দ করণ:

ক্রমিক নং	পদবি	শর্তাবলী
১.	নির্বাহী পরিচালক	গাড়ী (চার চাকার গাড়ী) সার্বক্ষণিক ব্যবহার জন্য অধিকার প্রাপ্ত এবং গাড়ী মুভমেন্ট সংশ্লিষ্ট সকল খরচ সমতা বহন করবে। যেমন জ্বালানী খরচ, মেরামত এবং রক্ষণাবেক্ষণ খরচ, ড্রাইভারের ওভারটাইম, পারডিয়াম, গাড়ীর দলিলাদির নবায়ন খরচ, টুল, ফেরী এবং ব্রিজ ফিস ইত্যাদি। নির্বাহী পরিষদের চেয়ারম্যানের মৌখিক অনুমোদন নিয়ে নির্বাহী পরিচালক ব্যক্তিগত প্রয়োজনে দেশে এবং বিদেশে গাড়ী ব্যবহার করতে পারবেন।
২.	সকল পরিচালকবৃন্দ	গাড়ী (চার চাকার গাড়ী) সার্বক্ষণিক ব্যবহার জন্য অধিকার প্রাপ্ত এবং গাড়ী মুভমেন্ট সংশ্লিষ্ট সকল খরচ সমতা বহন করবে। যেমন জ্বালানী খরচ, মেরামত এবং রক্ষণাবেক্ষণ খরচ, ড্রাইভারের ওভারটাইম, পারডিয়াম, গাড়ীর দলিলাদির নবায়ন খরচ, টুল, ফেরী এবং ব্রিজ ফিস ইত্যাদি। নির্বাহী পরিচালকের মৌখিক অনুমোদন নিয়ে পরিচালক (পরিচালকবৃন্দগণ) ব্যক্তিগত প্রয়োজনে দেশে এবং বিদেশে গাড়ী ব্যবহার করতে পারবেন।
৩.	উপ-পরিচালক	গাড়ী (চার চাকার গাড়ী) সার্বক্ষণিক ব্যবহার জন্য অধিকার প্রাপ্ত এবং গাড়ী মুভমেন্ট সংশ্লিষ্ট

প্রস্তুতকরন: জানুয়ারী ২০১০

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

	(ল্যান্ড নেটওয়ার্ক)	সকল খরচ সমতা বহন করবে। যেমন জ্বালানী খরচ, মেরামত এবং রক্ষণাবেক্ষণ খরচ, ড্রাইভারের ওভারটাইম, পারডিয়াম, গাড়ীর দলিলাদির নবায়ন খরচ, টুল, ফেরী এবং ব্রিজ ফিস ইত্যাদি। নিবাহী পরিচালকের বা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির মৌখিক অনুমোদন নিয়ে তার ব্যক্তিগত প্রয়োজনে সে দেশে এবং বিদেশে গাড়ী ব্যবহার করতে পারবেন।
--	----------------------	--

মাইক্রোবাস এবং পিকআপ বরাদ্দ করণ:

ক্রমিক নং	উদ্দেশ্য	শর্তাবলী
১.	মাইক্রোবাস	একমাত্র অফিসের কাজে এবং কর্মীদের অফিসে আসা যাওয়ার জন্য ব্যবহার করা। যে কর্মী এই ধরনের সুবিধাভোগ করবে, এই উদ্দেশ্যের জন্য তাকে অফিসকে টাকা দিতে/পরিশোধ করতে হবে। কর্তৃপক্ষের দ্বারা দূরত্বের ভিত্তিতে টাকার পরিমাণ ধার্য/নির্ধারন হবে।
২.	পিকআপ	একমাত্র অফিসের কাজে অফিসিয়াল মালামাল একস্থান হতে অন্যস্থানে আনা নেয়া এবং কর্মীদের অফিসে আসা যাওয়ার জন্য ব্যবহার করা। যে কর্মী অফিসে আসা যাওয়ার সুবিধাভোগ করবে, এই উদ্দেশ্যের জন্য তাকে অফিসকে টাকা দিতে/পরিশোধ করতে হবে। কর্তৃপক্ষের দ্বারা দূরত্বের ভিত্তিতে টাকার পরিমাণ ধার্য/নির্ধারন হবে।

মোটর সাইকেল বরাদ্দ করণ:

ক্রমিক নং	উদ্দেশ্য	শর্তাবলী
১.	অফিসের কাজে রক্ষিত মোটর সাইকেলগুলি	অফিসের কাজে মোটর সাইকেল ব্যবহার জন্য অধিকার প্রাপ্ত এবং মোটর সাইকেল মুভমেন্ট সংশি- ষ্ট সকল খরচ সমতা বহন করবে। যেমন জ্বালানী খরচ, মেরামত এবং রক্ষণাবেক্ষণ খরচ, দলিলাদির নবায়ন খরচ, টুল, ফেরী এবং ব্রিজ ফিস ইত্যাদি।
২.	মাঠকর্মীদের মধ্যে বরাদ্দকৃত মোটর সাইকেলগুলি	কর্মী এবং সমতার কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত নন-জুডিসিয়াল স্টাম্প এ কিছু শর্তাবলী অন্তর্ভুক্ত করে বা সমন্বয়ে একটির চুক্তির অধীনে ক্রয়কৃত মোটর সাইকেল (গুলি) বরাদ্দ করা হয়ে থাকে।

বাই-সাইকেল বরাদ্দ করণ:

ক্রমিক নং	উদ্দেশ্য	শর্তাবলী
১.	মাঠকর্মীদের মধ্যে বরাদ্দকৃত বাই-সাইকেলগুলি	কর্মী এবং সমতার কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত নন-জুডিসিয়াল স্টাম্প এ কিছু শর্তাবলী অন্তর্ভুক্ত করে বা সমন্বয়ে একটির চুক্তির অধীনে ক্রয়কৃত বাই-সাইকেল (গুলি) বরাদ্দ করা হয়ে থাকে।

৪. চার চাকার যানবাহনের নীতিমালা এবং পদ্ধতিসমূহ (Policy & Procedures for 4 Wheel Vehicle):

উপ-পরিচালক (প্রশাসন) বা তদরূপ দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি পরিবহন ব্যবস্থাপনা পরিচালনা ও নিয়ন্ত্রন করবে। প্রতিটি অফিসের ইন-চার্জ এর দায়িত্ব সমতার অধীনে সংশি- ষ্ট চার চাকার গাড়ীর পরিদর্শন করা। প্রত্যেক চালককে যানবাহন ব্যবহারকালীন সময় কিছু সাধারণ নীতিমালা এবং/বা সাধারণ শর্তাবলী মেনে চলতে হবে, সেগুলি নিম্নে বর্ণিত হলো:

ক. সংশি- ষ্ট অফিস ভেহিকেল ইন-চার্জ (প্রশাসনের অধীনে) একটি 'সাপ্তাহিক গাড়ীর মুভমেন্ট সূচি' ('Weekly Vehicle Movement Schedule', **Form: U**) মাইক্রোবাস এবং পিকআপের জন্য তৈরী করবে। উপ-পরিচালকের বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক অনুমোদিত একটি 'সাপ্তাহিক গাড়ীর মুভমেন্ট সূচি' প্রত্যেক চালককে দেয়া হবে।

খ. সংশি- ষ্ট চালক ফিল্ডপ্রমেনে গুরুত্বপূর্ণ পূর্বে তার গাড়ীর মর্নিং চেকআপ করা উচিত। সংশি- ষ্ট চালক তার গাড়ীটি পরিষ্কার করে রাখা উচিত।

প্রস্তুতকরন: জানুয়ারী ২০১০

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

- গ. প্রত্যেক চালককে ট্রাফিক নিয়মকানুন /এক্ট মেনে চলা আবশ্যিক ।
- ঘ. প্রত্যেক গাড়ীর চালকের বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে । অফিস কর্তৃপক্ষ তাদের (ড্রাইভারের) ড্রাইভিং লাইসেন্সগুলি বিআরটিএ (BRTA) সংগে চেক করার ক্ষমতা রাখে । বৈধ ড্রাইভিং লাইসেন্স ছাড়া কোন চালককে অফিসিয়াল গাড়ী চালানো অনুমতি দেওয়া হবে না ।
- ঙ. গাড়ীর ড্রাইভারকে গাড়ী চালানোর সময় সিটবেল্ট (Seat Belt) ব্যবহার করা বাঞ্ছনীয় । গাড়ীর সামনের সিটে যে ব্যক্তি বসবে তার জন্যও ইহা ব্যবহার করা বাধ্যতামূলক । যদি ইহা ব্যবহার না করে এবং যদি অফিস কর্তৃপক্ষ এই বিষয়টি সনাক্ত করে, তা হলে ইহার উপর আইননানুগ ব্যবস্থা নেওয়া হবে ।
- চ. প্রতি গাড়ীর (মাইক্রোবাস এবং পিকআপের) চালক বা দায়িত্ব ব্যক্তিকে 'গাড়ীর মুভমেন্ট সূচি' রক্ষণাবেক্ষণ করা উচিত । গাড়ীসমূহ কর্তৃপক্ষের একমাত্র নির্ধারিত রুটে চলবে, ইহাতে কোন ধরনের ব্যতিক্রম হলে ড্রাইভারকে সম্পূর্ণ দায়ভার বহন করা বাঞ্ছনীয় ।
- ছ. প্রত্যেক গাড়ীর ড্রাইভারকে 'দৈনিক জার্নি লগ বই' ('Daily Journey Log Book', **Form: V**) রক্ষণাবেক্ষণ করবে এবং গাড়ীতে সংরক্ষিত করবে । যানবাহন ব্যবহারের উদ্দেশ্য 'দৈনন্দিন ভ্রমণ লগ বইতে' ('Daily Journey Log Book') সঠিকভাবে লেখতে হবে । কোন ভুল তথ্যের জন্য এবং/বা যদি সঠিকভাবে লেখা না হয় তা একক ড্রাইভার বা অফিসিয়াল ব্যবহারকারীগণ সম্পূর্ণ দায়িত্বাধীন । ড্রাইভার প্রাথমিকভাবে দায়বদ্ধ থাকবে ।
- জ. প্রতিটি ভ্রমণ শেষে 'দৈনন্দিন ভ্রমণ লগ বইতে' উল্লেখিত গুরুত্বপূর্ণ ও শেষ কিলোমিটার নিশ্চিত হয়ে অফিসিয়াল ব্যবহারকারীগণ স্বাক্ষর করবে ।
- ঝ. গাড়ীর ডিউটি বন্টনের সময় প্রোগ্রামের কর্মসূচিগুলি বাস্তবায়নে প্রাধান্য দিতে হবে ।
- ঞ. সংশ্লিষ্ট ভেহিক্যাল ইন-চার্জ 'মাসিক যানবাহনের প্রতিবেদন' ('Monthly Vehicle Report', **Form: W**) প্রত্যেকটি গাড়ীর জন্য এবং 'মাসিক যানবাহনের একত্রিকরণ প্রতিবেদন' ('Monthly Vehicle Consolidated', **Form: X**) তৈরী করবে ।
- ট. প্রাথমিক চিকিৎসা সরঞ্জামাদী (First Aid Box) প্রয়োজনীয় ঔষধ সহকারে প্রতিটি গাড়ীতে থাকা বাঞ্ছনীয় ।
- ঠ. নিরাপত্তার জন্য একটি করে 'অগ্নিনির্বাপক যন্ত্র' (Fire Extinguisher) প্রতিটি গাড়ীতে আবশ্যিক ।
- ড. যদি কোন মেরামত ও রক্ষণাবেক্ষনের প্রয়োজন হয় তা হলে প্রতিটি গাড়ীর জন্য একটি 'গাড়ী মেরামত এবং রক্ষণাবেক্ষণের কাজের চাহিদাপত্র' ('Request for Vehicle Repairs & Maintenance Works', **Form: Y**) তৈরী করা উচিত ।
- ঢ. একটি সার্ভিস চুক্তির অধীনে সাধারণ গাড়ীর সার্ভিসিং এবং রক্ষণাবেক্ষণের কাজ সুনির্দিষ্ট মোটরগাড়ী মেরামতের দোকান (Automation Shop) এবং/বা নির্বাচিত মোটর রিপারিং ওয়ার্কসোপ (Motor Repairs Workshop) করা আবশ্যিক ।
- ণ. খুচরা যন্ত্রাংশ চাহিদামাপিক এবং ক্রয়কৃত তালিকা রক্ষণাবেক্ষণ করা বাঞ্ছনীয় । কোথায় এই সমস্ত জিনিস পর্যাণ্ট অফিসের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তা জানতে হবে ।
- ত. গাড়ীর সাথে জড়িত সকল প্রকার দলিলাদি (রেজিস্ট্রেশন, ফিটন্যাস সার্টিফিকেট, কর সার্টিফিকেট, এবং বীমা ইত্যাদি) হালনাগাদ রাখতে হবে এবং সংশ্লিষ্ট গাড়ীতে রাখা আবশ্যিক । সকল গাড়ীর বৈধ দলিলাদির এক সেট ফটোকপি সংশ্লিষ্ট গাড়ীর ফাইলে রাখা আবশ্যিক । ইহা সংশ্লিষ্ট ড্রাইভারের দায়িত্ব সময় সময় অফিস কর্তৃপক্ষকে দলিলাদির অবস্থান অবহিত করা ।

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

অঅ. যুক্তির দ্বারা বুঝানো যায় এমন স্থানে/পরিস্থিতিতে (পূর্ব অনুমোদন ব্যতীত) কোন কোন ক্ষেত্রে অফিসের পর বা ছুটির দিন কাজ করতে হয়। এই ধরনের ক্ষেত্রে ‘কাজের পর অনুমোদন’ (post facto approval may be considered) বিবেচনা করা যাইতে পারে।

ইই. উপ-পরিচালক (প্রশাসন) বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক নিত্যনৈমিত্তিক গাড়ীর রক্ষণাবেক্ষণ এবং সার্ভিসিং এর রপ্তানি করা আবশ্যিক। যেখানে বড় ধরনের কাজ বা খরচ করার প্রয়োজন সেই সব ক্ষেত্রে নির্বাহী পরিচালক বা তার দায়িত্ব প্রাপ্ত ব্যক্তির কাছ হতে পূর্ব অনুমতি নেয়া আবশ্যিক।

ঈঈ. সংশ্লিষ্ট গাড়ীর জ্বালানী নির্বাচিত ফ্যুয়েল কেন্দ্র (Fuel Center) থেকে ভর্তি এবং মাসিক ভিত্তিতে ‘একাউন্ট পেপার চেক’ (Account Payee Cheque) এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

উউ. অফিসের কর্মকালীন সময়ে ব্যক্তিগত কাজে গাড়ী ব্যবহার অনুমোদিত নয়। নিম্ন বর্ণিত নির্দিষ্ট শর্তাবলীর ভিত্তিতে ব্যক্তিগত ব্যবহারের জন্য গাড়ীর অনুমোদন দেওয়া যাইতে পারে:

- নির্বাহী পরিচালকের বা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির পূর্ব অনুমতি সাপেক্ষে ব্যক্তিগত কাজে গাড়ী ব্যবহার।
- ভাড়া পরিশোধের (on payment) ভিত্তিতে ব্যক্তিগত কাজে ব্যবহার।
- জরুরী কাজে বা চিকিৎসা ক্ষেত্রে বা সামাজিক অনুষ্ঠানের কারণে ব্যক্তিগত ব্যবহার।

উউ. ব্যক্তিগত কাজে বা অফিসিয়াল কাজে গাড়ী ব্যবহার করতে হলে ‘গাড়ীর চাহিদাপত্র’ (‘Vehicle Requisition Form’, (Form: Z) মাধ্যমে নির্বাহী পরিচালকের বা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির অনুমতি নেওয়া দরকার। এই ক্ষেত্রে ‘গাড়ীর চাহিদাপত্র’ ২ (দুই) দিন পূর্বে প্রয়োজনীয় অনুমোদনের জন্য প্রশাসন বিভাগে পাঠাতে হবে। জরুরী প্রয়োজনে ‘গাড়ী ব্যবহারের পর অনুমোদন’ (post facto approval may be considered) বিবেচনা করা যাইতে পারে।

ঋঋ. ব্যক্তিগত কাজে গাড়ী ব্যবহারের সময় কোন দুর্ঘটনা দুর্ঘটনা বা ক্ষয়ক্ষতি হলে ব্যবহারকারীর সম্পূর্ণ দায়িত্বাধীন এবং মোট খরচ ক্ষতিপূরণ হিসাবে ব্যবহারকারীর কাছ থেকে আদায় করা।

এএ. ব্যক্তিগত কাজে গাড়ীর ব্যবহার করা হলে ব্যবহারকারীকে গাড়ীর খরচ ১০.০০ (দশ) টাকা প্রতি কিলোমিটারের জন্য অফিসকে প্রদান এবং ড্রাইভারকে দিতে হবে প্রকৃত পারডিয়াম খরচ (নাস্তা+দুপুরের খাবার+রাত্রির খাবার+থাকা) এবং সার্ভিস রপ্তানি হিসাবে ওভারটাইম। ফেরী খরচ, টুর এবং ব্রিজের ফি (যদি থাকে) ব্যবহারকারীকে পরিশোধ করতে হবে।

ঐঐ. প্রোগ্রামের জরুরী কর্মসূচি জন্য বা অন্য যুক্তিযুক্ত কারণে প্রাইভেট ব্যবহারের অনুমোদন লাভের পরে ও ইহা উঠিয়ে নেয়া, স্থগিত করা বা বাতিল হতে পারে।

ওও. প্রাইভেট ব্যবহারের জন্য অফিসের গাড়ী ব্যবহারকারীকে সঠিক রসিদের মাধ্যমে ক্যাশ সেকশনে নগদ টাকা জমা দিতে হবে।

ঔঔ. গাড়ীর ভিতর ধূমপান সম্পূর্ণ নিষিদ্ধ।

কক. হরতালের সময় সমতার অধীনে কোন যানবাহন চালানো উচিত হবে না বা সমচীন নয়।

৫. মোটর সাইকেলের নীতিমালা এবং পদ্ধতিসমূহ (Policy & Procedures for Motor Cycle):

সমতার বাজেটের আওতায় ক্রয়কৃত মোটর সাইকেলগুলি সংশ্লিষ্ট প্রোগ্রামের কার্যক্রমের জন্য বিশেষভাবে ব্যবহার হবে। উপ-পরিচালক (প্রশাসন) বা তদরূপ দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি পরিবহন ব্যবস্থাপনা পরিচালনা ও নিয়ন্ত্রণ করবে। প্রতিটি অফিসের প্রস্তুতকরন: জানুয়ারী ২০১০

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

ইন-চার্জ এর দায়িত্ব সমতার অধীনে সংশি- ষ্ট মোটর সাইকেলের পরিদর্শন করা । কর্মীর নামে হস্পডাল্ডর না হওয়া পর্যন্ত, পরিবহন নীতিমালার এবং পদ্ধতির আওতায় সকল মোটরসাইকেল ব্যবহার করতে হবে ।

ক. কর্মী এবং সমতার কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত নন-জুডিসিয়াল স্টাম্প এ টাইপ করা একটির চুক্তির অধীনে ক্রয়কৃত মোটর সাইকেল (গুলি) বরাদ্দ করতে হবে । (Annexure-AE)

খ. সকল স্বাক্ষরিত চুক্তিপত্র কর্মীর ব্যক্তিগত ফাইলে এবং প্রশাসনের অধীনে একটি পৃথক ফাইলে রাখতে হবে ।

গ. মোটরসাইকেলের অবস্থা এক নজরে দেখার জন্য সংশি- ষ্ট অফিসের যানবাহন ইন-চার্জ (প্রশাসনের অধীনে) একটি মোটরসাইকেলের তালিকা তৈরী করবে ।

ঘ. সংশি- ষ্ট চালক ফিল্ডব্রমেনে গুরুত্বপূর্ণ পূর্বে তার মোটরসাইকেলের মর্নিং চেকআপ করা উচিত । সংশি- ষ্ট চালক তার মোটরসাইকেলটি পরিষ্কার করে রাখা উচিত ।

ঙ. প্রত্যেক চালককে ট্রাফিক নিয়মকানুন /এক্ট মেনে চলা আবশ্যিক ।

চ. প্রত্যেক মোটরসাইকেল চালকের বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে । অফিস কর্তৃপক্ষ তাদের (কর্মীদের) ড্রাইভিং লাইসেন্সগুলি বিআরটিএ (BRTA) সংগে চেক করার ক্ষমতা রাখে । বৈধ ড্রাইভিং লাইসেন্স ছাড়া কোন চালককে অফিসিয়াল মোটরসাইকেল চালানো অনুমতি দেওয়া হবে না ।

ছ. কর্মরত অবস্থায় এবং অফিসের কাজের উদ্দেশ্যে চলতি অবস্থায় ইহার নিরাপদ এবং নিরাপত্তা বিধান করা । রাত্রিতে নিরাপত্তা এবং পার্কিং করা বরাদ্দকৃত কর্মীর (alloted employee) পুরাপুরি দায়িত্বাধীন ।

জ. ছুটির দিনে, রাত্রিতে, অন্ধকারে, প্রাকৃতিক দুর্যোগে, বৃষ্টির মধ্যে এবং ঝড়ের সময় মোটরসাইকেল ব্যবহার করা এবং মোটরসাইকেল নিয়ে বাহির হওয়া কড়াকড়ি ভাবে নিষিদ্ধ যদি না ইহার গুরুত্ব এবং/বা অনিবার্য কারণে সমতার স্বার্থে ব্যবহার । এই ধরনের যে কোন তৎপরেতা লিখিত আকারে গ্রহণযোগ্য কারন সহ তাত্ক্ষনিক কর্তৃপক্ষকে জানাইতে হবে ।

ঝ. পরিবারের উদ্দেশ্যে এবং অতিরিক্ত আরোহী হিসাব পরিবারকে সংগে নিয়ে মোটরসাইকেল চালানো সম্পূর্ণ বরাদ্দকৃত কর্মীর (alloted employee) দায়িত্বাধীন এবং নিরুৎসাহিত করা । যদি ইহা জরুরী এবং যথাযত হয়, উপ-পরিচালকের বা তার নিয়োজিত ব্যক্তির কাছ থেকে অনুমতির দরকার হবে ।

ঞ. যতক্ষণ পর্যন্ত মোট কিপিড্র সমপরিমান অর্থ যা নির্ধারন করা আছে তা আদায় না হবে ততক্ষণ পর্যন্ত মালিকানা থাকবে সমতার কাছে ।

মোটর সাইকেলের মূল্য নিম্নভাবে ধার্য এবং যোগ করতে হবে:

- বিল বা ইনভয়েস উলে- খিত প্রকৃত মূল্য এবং যোগ
- বহন খরচ এবং যোগ
- নিবন্ধন এবং ফিটন্যাস খরচ এবং যোগ
- বীমা খরচ এবং যোগ
- সকল অন্যান্য আনুষঙ্গিক ব্যয়

ট. মোটরসাইকেলের জ্বালানী, মেরামত এবং রক্ষণাবেক্ষণের সাথে জড়িত সকল ব্যয় বরাদ্দকৃত কর্মীকে (alloted employee) বহন করতে হবে । কিন্তু মোটরসাইকেল ব্যবহারের রেকর্ড অর্থাৎ চলমান কিলোমিটার, রক্ষণাবেক্ষণের ধরন, জ্বালানী খরচ, অফিসিয়াল ব্যবহারের জন্য পৃথক বিবরণী এবং ব্যক্তিগত ব্যবহার (যদি থাকে), সাধারণ সার্ভিসিং রেকর্ড অনুমোদিত ব্যবহারীর

প্রস্তুতকরন: জানুয়ারী ২০১০

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

দ্বারা রাখা উচিত। এই ধরনের পরিস্থিতিতে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত 'মাসিক যানবাহন রিপোর্ট' (Monthly Vehicle Report (Form: W) এর ভিত্তিতে চুক্তিতে বর্ণিত হারে সমতা ব্যয়িত অর্থ পরিশোধ করবে।

- ঠ. মোটরসাইকেল যখন চালাবে তখন চালককে অবশ্যই হেলমেট ব্যবহার করতে হবে। দ্বিতীয় পিছনের সংগীর জন্য ও ইহা ব্যবহার করা বাধ্যতামূলক। যদি ব্যবহার না করে এবং অফিস কর্তৃপক্ষ এইটি জানতে পারে, তা হলে ইহার উপর আইননানুগ ব্যবস্থা নেওয়া হবে। হেলমেট না ব্যবহারের কারণে কোন দুর্ঘটনা হলে, বরাদ্দকৃত কর্মীর (alloted employee) সম্পূর্ণ দায়িত্বাধীন। যদি ইহা অফিসের কাজের জন্য খুবই প্রয়োজনীয় এবং জরুরী না হয় তা হলে দ্বিতীয় ব্যক্তিকে সংগী করা অনুমোদিত না।
- ড. মোটরসাইকেল (গুলি) একমাত্র নির্ধারিত পথে চলবে, ইহাতে যে কোন প্রকার ব্যতিক্রম হলে চালক সম্পূর্ণ দায়িত্বাধীন।
- ঢ. যে কর্মীকে মোটরসাইকেল চালানোর দায়িত্ব দেওয়া হয়, তার অফিসে আসাযাওয়া এবং তার নিয়মিত কাজের সাথে জড়িত অন্যান্য অফিসিয়াল কাজে চার চাকার যানবাহনের সুবিধা পাওয়ার প্রাপ্য নয়।
- ণ. প্রত্যেক মোটরসাইকেল চালক 'দৈনন্দিন ভ্রমণ লগ বই' ('Daily Journey Log Book') Form: V রক্ষণাবেক্ষণ করবে এবং যানবাহনের সাথে রাখবে। যানবাহন ব্যবহারের উদ্দেশ্য 'দৈনন্দিন ভ্রমণ লগ বইতে' ('Daily Journey Log Book') সঠিকভাবে লেখতে হবে। কোন ভুল তথ্যের জন্য এবং/বা যদি সঠিকভাবে লেখা না হয় তা একক চালক বা অফিসিয়াল ব্যবহারকারীগণ সম্পূর্ণ দায়িত্বাধীন।
- ত. প্রতিটি ভ্রমণ শেষে 'দৈনন্দিন ভ্রমণ লগ বইতে' উল্লেখিত শুরু ও শেষ কিলোমিটার নিশ্চিত হয়ে অফিসিয়াল ব্যবহারকারীগণ স্বাক্ষর করবে। প্রতিদিনের ভ্রমণ শেষে 'দৈনন্দিন ভ্রমণ লগ বইতে' উল্লেখিত শুরু ও শেষ কিলোমিটার নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট কর্মীর সুপারভাইজার কর্তৃক নিয়মিত স্বাক্ষর করা আবশ্যিক।
- অঅ. সংশ্লিষ্ট যানবাহন ইন-চার্জ 'মাসিক যানবাহন রিপোর্ট' (Monthly Vehicle Report (Form: W) প্রত্যেকটি মোটরসাইকেলের জন্য তেরী করবে।
- ইই. প্রাথমিক চিকিৎসা সরঞ্জামাদী (First Aid Box) প্রয়োজনীয় ঔষধ সহকারে প্রতিটি মোটরসাইকেলে থাকা বাঞ্ছনীয়।
- ঈঈ. একটি সার্ভিস চুক্তির অধীনে সাধারণ মোটরসাইকেল সার্ভিসিং এবং রক্ষণাবেক্ষণের কাজ সুনির্দিষ্ট মোটরগাড়ী মেরামতের দোকান (Automation Shop) এবং/বা নির্বাচিত মোটর রিপারিং ওয়ার্কসোপ (Motor Repairs Workshop) বা সমতার জন্য কয়েকজন মেকানিককে নিয়োগ করা আবশ্যিক।
- উউ. খুচরা যন্ত্রাংশ চাহিদামাপিক এবং ক্রয়কৃত তালিকা রক্ষণাবেক্ষণ করা উচিত। কোথায় এই সমস্ত জিনিস পর্যাণ্ট অফিসের সংশ্লিষ্ট কর্মীদেরকে তা জানতে হবে।
- উউ. মোটরসাইকেলের সাথে জড়িত সকল প্রকার দলিলাদি (রেজিস্ট্রেশন, ফিটন্যাস সার্টিফিকেট, কর সার্টিফিকেট, এবং বীমা ইত্যাদি) হালনাগাদ রাখতে হবে এবং সংশ্লিষ্ট মোটরসাইকেলে রাখা আবশ্যিক। সকল মোটরসাইকেলের বৈধ দলিলাদির এক সেট ফটোকপি সংশ্লিষ্ট মোটরসাইকেলের ফাইলে রাখা আবশ্যিক। ইহা সংশ্লিষ্ট চালকের দায়িত্ব সময় সময় অফিস কর্তৃপক্ষকে দলিলাদির অবস্থান অবহিত করা।
- ঋঋ. উপ-পরিচালক (প্রশাসন) বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক নিত্যনৈমিত্তিক মোটরসাইকেলের রক্ষণাবেক্ষণ এবং সার্ভিসিং এর রপ্টন করা আবশ্যিক।
- এএ. প্রাইভেট ব্যবহারে সময় কোন দুর্ঘটনা এবং/বা ক্ষতি হলে ব্যবহারকারীর সম্পূর্ণ দায়িত্বাধীন এবং মোট খরচ ক্ষতিপূরণ হিসাবে ব্যবহারকারীর কাছ থেকে আদায় করা।

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

- ঐঐ. চুক্তির মেয়াদের মধ্যে যদি বরাদ্দকৃত মোটর সাইকেল প্রকৃতগত কারণে বিকল হয়ে যায়, তার বিস্তারিত বিবরণ সহ ২য় পক্ষ লিখিতভাবে কর্তৃপক্ষকে জানানো আবশ্যিক। এই ধরনের ঘটনা তদন্ত করার জন্য নির্বাহী পরিচালক বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক তিন সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করবে এবং তাদের রিপোর্টের উপর পুনরায় নতুন করে ২য় পক্ষকে মোটর সাইকেল বরাদ্দের বিষয়টি নির্ভর করবে।
৩৩. অফিসের কাজে ব্যবহারে সময় কোন দুর্ঘটনা এবং/বা ক্ষতি হলে মোটরসাইকেল ব্যবহারকারীকে অবশ্যই থানায় সাধারণ ডায়েরি অর্ডার (GD Entry) করা বাঞ্ছনীয়। পাশাপাশি ব্যবহারকারীর কাছ থেকে দুর্ঘটনা এবং/বা ক্ষতির বিস্তারিত বিবরণ সাপেক্ষে একটি লিখিত রিপোর্ট নেওয়া বাঞ্ছনীয়। এই ধরনের ঘটনা তদন্ত করার জন্য সমতার নির্বাহী পরিচালক বা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক তিন সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করে এবং তদন্ত কমিটির রিপোর্টের ভিত্তিতে নির্বাহী পরিচালক বা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন।
৩৪. অফিস থেকে কোন চুরি, দুর্ঘটনা এবং/বা ক্ষতি হলে মোটরসাইকেল ব্যবহারকারী বা প্রশাসন বিভাগকে অবশ্যই থানায় সাধারণ ডায়েরি অর্ডার (GD Entry) করা বাঞ্ছনীয়। পাশাপাশি অফিসের গেইটে দায়িত্বরত গার্ডের এবং ব্যবহারকারীর কাছ থেকে চুরি, দুর্ঘটনা এবং/বা ক্ষতির বিস্তারিত বিবরণ সাপেক্ষে একটি লিখিত রিপোর্ট নেওয়া বাঞ্ছনীয়। এই ধরনের ঘটনা তদন্ত করার জন্য সমতার নির্বাহী পরিচালক বা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক তিন সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করে এবং তদন্ত কমিটির রিপোর্টের ভিত্তিতে নির্বাহী পরিচালক বা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন।
- কক. যতক্ষণ না মোটরসাইকেল অফিসিয়ালী কর্মীর নামে হস্তান্তর হবে ততক্ষণ পর্যন্ত বন্ডিতব্য মোটরসাইকেল ব্যক্তিগতভাবে ব্যবহার করা সম্পূর্ণ নিষিদ্ধ।
- খখ. প্রতিটি অফিসে যানবাহন চলাচল এবং পরিবহনের নিরাপত্তা নিশ্চিত করার জন্য একটি 'যানবাহন চলাচলের লগ বই' (Vehicle Movement Log Book) রক্ষণাবেক্ষণ করা বাঞ্ছনীয়। এই লগ বই অফিসের গেইটে দায়িত্বরত গার্ডের কাছে থাকা উচিত। প্রতিটি মোটরসাইকেল অফিস থেকে যাওয়া এবং আসার সময় ও কিলোমিটার এবং ব্যবহারকারীর স্বাক্ষর এই লগবইতে থাকা উচিত (Form:)। মোটরসাইকেল অফিসে রাখার পর সংশ্লিষ্ট মোটরসাইকেলের চাবি অফিসে দায়িত্বরত গার্ডের কাছে থাকা উচিত।
- গগ. প্রতিটি মোটরসাইকেল ব্যবহারকারীকে একটি করে রেইনকোট (Rain Coat) প্রতি দুই বৎসরে একবার অফিসের খরচের মাধ্যমে ক্রয় করে দেওয়া।
- ঘঘ. অফিসের স্বার্থে তিন বছর পর কোন মোটরসাইকেল ব্যবহারকারীর পদোন্নতি বা কর্মপদ বা মাঠ থেকে অফিসে স্থলাভিষিক্ত হয় তা হলে কর্মীর মোটরসাইকেলের চুক্তিনামা অপরিবর্তন থাকা উচিত। যদি কর্মী তার বাকি কিস্তি টাকা চালিয়ে যাইতে অস্বীকৃতি জানায় তাহলে মোটরসাইকেলের মালিকানা অফিসের এবং সংশ্লিষ্ট কর্মী কোনভাবে তার পূর্বে পরিশোধিত কিস্তি টাকা দাবি করতে পারবে না।
- ঙঙ. উপরোক্ত শর্তগুলির যে কোন শর্ত ভঙ্গ করা হলে চুক্তিনামা বাতিল এবং/বা সমতার ব্যবস্থাপনা কর্তৃক জরিমানা ধার্য আদায় করা যেতে পারে।

৬. বাই-সাইকেলের নীতিমালা এবং পদ্ধতিসমূহ (Policy & Procedures for Bi-Cycle):

সমতার বাজেটের আওতায় ক্রয়কৃত বাই-সাইকেলগুলি সংশ্লিষ্ট প্রোগ্রামের কার্যক্রমের জন্য বিশেষভাবে ব্যবহার হবে। ইহা একটি পূর্ব-শর্ত যে প্রত্যেক এবং সকল মাঠকর্মীদেরকে (নারী ও পুরুষ উভয়ই) বাই-সাইকেল চালাতে জানা এবং শেখার ক্ষমতা বাঞ্ছনীয়। উপ-পরিচালক (প্রশাসন) বা তদরূপ দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি পরিবহন ব্যবস্থাপনা পরিচালনা ও নিয়ন্ত্রণ করবে। প্রতিটি অফিসের ইন-চার্জ এর দায়িত্ব সমতার অধীনে সংশ্লিষ্ট বাই-সাইকেলের পরিদর্শন করা। কর্মীর নামে হস্তান্তর না হওয়া পর্যন্ত, পরিবহন নীতিমালার এবং পদ্ধতির আওতায় সকল বাই-সাইকেল ব্যবহার করা বাঞ্ছনীয়।

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

- ক. কর্মী এবং সমতার কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত নন-জুডিসিয়াল স্টাম্প এ টাইপ করা একটির চুক্তির অধীনে প্রস্তুত বাই-সাইকেল (গুলি) বরাদ্দ করতে হবে। (Annexure-AF)
- খ. সকল স্বাক্ষরিত চুক্তিপত্র কর্মীর ব্যক্তিগত ফাইলে এবং প্রশাসনের অধীনে একটি পৃথক ফাইলে রাখতে হবে।
- গ. বাই-সাইকেলের অবস্থা এক নজরে দেখার জন্য সংশ্লিষ্ট অফিসের যানবাহন ইন-চার্জ (প্রশাসনের অধীনে) একটি বাই-সাইকেলের তালিকা তৈরী করবে।
- ঘ. সংশ্লিষ্ট চালক তার বাই-সাইকেলটি পরিষ্কার করে রাখা উচিত।
- ঙ. বন্ডিত বাই-সাইকেল মাঠের কাজের জন্য ব্যবহার করা বাধ্যতামূলক। ভ্রমণভাতা কোন মাঠকর্মীদের জন্য নেই।
- চ. যদি ফিল্ড অফিস থেকে কর্মীর কর্মস্থল/অবস্থান দূরত্ব ৩০ কিলোমিটারের বেশী হয়, সেখানে প্রকৃত ভ্রমণ খরচ সমতা কর্তৃক পরিশোধ করা হবে।
- ছ. কর্মরত অবস্থায় এবং অফিসের কাজের উদ্দেশ্যে চলতি অবস্থায় ইহার নিরাপদ এবং নিরাপত্তা বিধান করা। রাত্রিতে নিরাপত্তা এবং পার্কিং করা বরাদ্দকৃত কর্মীর (alloted employee) পুরাপুরি দায়িত্বধীন।
- জ. যতক্ষণ পর্যন্ত মোট কিপিডের সমপরিমাণ অর্থ যা নির্ধারণ করা আছে তা আদায় না হবে ততক্ষণ পর্যন্ত মালিকানা থাকবে সমতার কাছে।

বাই-সাইকেলের মূল্য নিম্নভাবে ধার্য এবং যোগ করতে হবে:

- বিল বা ইনভয়েস উলে- খিত প্রকৃত মূল্য এবং যোগ
- লাগানো এবং ফিটিং খরচ এবং যোগ
- সকল অন্যান্য আনুষঙ্গিক ব্যয়

- ঝ. বরাদ্দকৃত বাই-সাইকেলের সম্পূর্ণ নির্ধারিত মূল্য আদায় হওয়ার পর, ইহা সমতার কাজে পরবর্তী চার বছর ব্যবহার করা বাঞ্ছনীয় এবং ভ্রমণের খরচ সমতা কর্তৃক পরিশোধ না করা বাঞ্ছনীয়। যদি ফিল্ড অফিস থেকে কর্মীর কর্মস্থল/অবস্থান দূরত্ব ৩০ কিলোমিটারের বেশী হয়, সেখানে প্রকৃত ভ্রমণ খরচ সমতা কর্তৃক পরিশোধ করা উচিত।
- ঞ. বাই-সাইকেলের মেরামত এবং রক্ষণাবেক্ষণের সাথে জড়িত সকল ব্যয় বরাদ্দকৃত কর্মীকে (alloted employee) বহন করতে হবে।
- ট. একজন কর্মীর জন্য বন্ডিত বাই-সাইকেল অন্য ব্যক্তির দ্বারা চালানো বাঞ্ছনীয় নয় এবং বাই-সাইকেল বিশেষভাবে সমতার কাজে ব্যবহার হবে।
- ঠ. বাই-সাইকেল (গুলি) একমাত্র নির্ধারিত পথে চলবে, ইহাতে যে কোন প্রকার ব্যতিক্রম হলে চালক সম্পূর্ণ দায়িত্বধীন।
- ড. প্রাইভেট ব্যবহারে সময় কোন দুর্ঘটনা এবং/বা ক্ষতি হলে ব্যবহারকারীর সম্পূর্ণ দায়িত্বধীনে এবং মোট খরচ ক্ষতিপূরণ হিসাবে ব্যবহারকারীর কাছ থেকে আদায় করা।
- ঢ. চুক্তির মেয়াদের মধ্যে যদি বরাদ্দকৃত বাই-সাইকেল প্রকৃতগত কারণে বিকল হয়ে যায়, তার বিস্তারিত বিবরণ সহ ২য় পক্ষ লিখিতভাবে কর্তৃপক্ষকে জানানো আবশ্যিক। এই ধরনের ঘটনা তদন্ত করার জন্য নির্বাহী পরিচালক বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক

প্রস্তুতকরন: জানুয়ারী ২০১০

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

তিন সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করবে এবং তাদের রিপোর্টের উপর পুনরায় নতুন করে ২য় পক্ষকে বাই-সাইকেল বরাদ্দের বিষয়টি নির্ভর করবে।

- গ. অফিসের কাজে ব্যবহারে সময় কোন দুর্ঘটনা এবং/বা ক্ষতি হলে বাই-সাইকেল ব্যবহারকারীকে অবশ্যই থানায় সাধারণ ডায়েরি অন্ট্রুজ (GD Entry) করা বাঞ্ছনীয়। পাশাপাশি ব্যবহারকারীর কাছ থেকে দুর্ঘটনা এবং/বা ক্ষতির বিস্তারিত বিবরণ সাপেক্ষে একটি লিখিত রিপোর্ট নেওয়া বাঞ্ছনীয়। এই ধরনের ঘটনা তদন্ত করার জন্য সমতার নির্বাহী পরিচালক বা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক তিন সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা উচিত। তদন্ত কমিটির রিপোর্টের ভিত্তিতে নির্বাহী পরিচালক বা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন।
- ত. অফিস থেকে কোন চুরি, দুর্ঘটনা এবং/বা ক্ষতি হলে বাই-সাইকেল ব্যবহারকারী বা প্রশাসন বিভাগকে অবশ্যই থানায় সাধারণ ডায়েরি অন্ট্রুজ (GD Entry) করা বাঞ্ছনীয়। পাশাপাশি অফিসের গেইটে দায়িত্বরত গার্ডের এবং ব্যবহারকারীর কাছ থেকে চুরি, দুর্ঘটনা এবং/বা ক্ষতির বিস্তারিত বিবরণ সাপেক্ষে একটি লিখিত রিপোর্ট নেওয়া বাঞ্ছনীয়। এই ধরনের ঘটনা তদন্ত করার জন্য সমতার নির্বাহী পরিচালক বা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক তিন সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা উচিত। তদন্ত কমিটির রিপোর্টের ভিত্তিতে নির্বাহী পরিচালক বা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন।
- অঅ. প্রতিটি অফিসে যানবাহন চলাচল এবং পরিবহনের নিরাপত্তা নিশ্চিত করার জন্য একটি 'যানবাহন চলাচলের লগ বই' (Vehicle Movement Log Book) রক্ষণাবেক্ষণ করা উচিত। এই লগ বই অফিসের গেইটে দায়িত্বরত গার্ডের কাছে থাকা উচিত। বাই-সাইকেল অফিসে রাখার পর সংশ্লিষ্ট বাই-সাইকেলের চালককে অবশ্যই লগ বইতে তার নাম, পদবি, সময় সহ স্বাক্ষর এবং বাই-সাইকেলের চাবি অফিসে দায়িত্বরত গার্ডের কাছে থাকা উচিত।
- ইই. অফিসের স্বার্থে দুই বছর পর কোন বাই-সাইকেল ব্যবহারকারীর পদোন্নতি বা কর্মপদ বা মাঠ থেকে অফিসে স্থলাভিষিক্ত হয় তা হলে কর্মীর বাই-সাইকেলের চুক্তিনামা অপরিবর্তন থাকা বাঞ্ছনীয়। যদি কর্মী তার বাকি কিস্তির টাকা চালিয়ে যাইতে অস্বীকৃতি জানায় তাহলে বাই-সাইকেলের মালিকানা অফিসের এবং সংশ্লিষ্ট কর্মী কোনভাবে তার পূর্বে পরিশোধিত কিস্তির টাকা দাবি করতে পারবে না।
- ঈঈ. কোন বাই-সাইকেল ব্যবহারকারী তার সকল কিস্তি পরিশোধ করার পর নতুন বাই-সাইকেলের জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন করে এবং আবেদনটি বিবেচনা সাপেক্ষে নির্বাহী পরিচালক অনুমোদন করতে পারেন। ইহা সম্পূর্ণ নির্ভর করে অফিসে পর্যাপ্ত অব্যবহারিত বাই-সাইকেলের উপর।
- উউ. উপরোক্ত শর্তগুলির যে কোন শর্ত ভঙ্গ করা হলে চুক্তিনামা বাতিল এবং/বা সমতার ব্যবস্থাপনা কর্তৃক জরিমানা ধার্য আদায় করা যেতে পারে।

৭. বই এবং দলিলাদিসমূহ (Books & Documents):

সমতার অধীনে প্রতিটি অফিস গাড়ীর সম্পর্কিত নিম্ন বর্ণিত বহিগুলি এবং দলিলাদি রক্ষণাবেক্ষণ করিবে:

ক. বহিসমূহ (Books):

- স্থায়ী সম্পদ রেজিস্টার ('Fixed Assets Register', FAR): সমতার কেন্দ্রীয় অফিস সকল ধরনের যানবাহনের জন্য একটি স্থায়ী সম্পদ রেজিস্টার (Form: M) রক্ষণাবেক্ষণ করবে। যেমন চার চাকার গাড়ী, মোটর সাইকেল এবং বাই-সাইকেল।

খ. ছকসমূহ (Formats):

প্রস্তুতকরন: জানুয়ারী ২০১০

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

- ‘সাপ্তাহিক গাড়ীর মুভমেন্ট সূচি’ (‘Weekly Vehicle Movement Schedule’): সংশ্লিষ্ট অফিস ভেহিকেল ইন-চার্জ (প্রশাসনের অধীনে) একটি ‘সাপ্তাহিক গাড়ীর মুভমেন্ট সূচি’ (‘Weekly Vehicle Movement Schedule’, **Form: U**) তৈরী করিবে। উপ-পরিচালকের বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক অনুমোদিত একটি ‘সাপ্তাহিক গাড়ীর মুভমেন্ট সূচি’ প্রত্যেক চালককে দেয়া হবে।
- ‘দৈনিক জার্নি লগ বই’ (‘Daily Journey Log Book’): প্রত্যেক গাড়ীর (চারচাকার গাড়ী+মোটর সাইকেল) ড্রাইভারকে/চালককে ‘দৈনিক জার্নি লগ বই’ (‘Daily Journey Log Book’, **Form: V**) রক্ষণাবেক্ষণ করবে এবং গাড়ীতে সংরক্ষিত করবে। যানবাহন ব্যবহারের উদ্দেশ্য ‘দৈনন্দিন ভ্রমণ লগ বইতে’ (‘Daily Journey Log Book’) সঠিকভাবে লেখতে হবে। কোন ভুল তথ্যের জন্য এবং/বা যদি সঠিকভাবে লেখা না হয় তা একক ড্রাইভার বা অফিসিয়াল ব্যবহারকারীগণ সম্পূর্ণ দায়িত্বাধীন। ড্রাইভার প্রাথমিকভাবে দায়বদ্ধ থাকবে।
- ‘মাসিক যানবাহন রিপোর্ট’ (Monthly Vehicle Report): সংশ্লিষ্ট যানবাহন ইন-চার্জ ‘মাসিক যানবাহন রিপোর্ট’ (Monthly Vehicle Report (**Form: W**)) প্রত্যেকটি গাড়ীর (চার চাকা + মোটর সাইকেল) জন্য তৈরী করবে।
- ‘মাসিক যানবাহনের একত্রিকরণ প্রতিবেদন’ (‘Monthly Vehicle Consolidated’): সংশ্লিষ্ট ভেহিক্যাল ইন-চার্জ ‘মাসিক যানবাহনের প্রতিবেদন’ (‘Monthly Vehicle Report’, **Form: W**) এর ভিত্তিতে সকল গাড়ীর জন্য ‘মাসিক যানবাহনের একত্রিকরণ প্রতিবেদন’ (‘Monthly Vehicle Consolidated’, **Form: X**) তৈরী করবে।
- ‘গাড়ীর চাহিদাপত্র’ (‘Vehicle Requisition Form’): ব্যক্তিগত কাজে বা অফিসিয়াল কাজে গাড়ী ব্যবহার করতে হলে ‘গাড়ীর চাহিদাপত্র’ (‘Vehicle Requisition Form’, (**Form: Z**)) মাধ্যমে নির্বাহী পরিচালকের বা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির অনুমতি নেওয়া দরকার। এই ক্ষেত্রে ‘গাড়ীর চাহিদাপত্র’ ২ (দুই) দিন পূর্বে প্রয়োজনীয় অনুমোদনের জন্য প্রশাসন বিভাগে পাঠাতে হবে। জরুরী প্রয়োজনে ‘গাড়ী ব্যবহারের পর অনুমোদন’ (‘post facto approval may be considered’) বিবেচনা করা যাইতে পারে।
- ‘গাড়ী মেরামত এবং রক্ষণাবেক্ষণের কাজের চাহিদাপত্র’ (‘Request for Vehicle Repairs & Maintenance Works’): যদি কোন মেরামত ও রক্ষণাবেক্ষণের প্রয়োজন হয় তা হলে প্রতিটি গাড়ীর জন্য একটি ‘গাড়ী মেরামত এবং রক্ষণাবেক্ষণের কাজের চাহিদাপত্র’ (‘Request for Vehicle Repairs & Maintenance Works’, **Form: Y**) তৈরী করা উচিত।
- মোটরসাইকেল প্রদানের চুক্তিপত্র (Deed of Allotment Contract for Motor Cycle): কর্মী এবং সমতার কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত নন-জুডিসিয়াল স্টাম্প এ টাইপ করা একটির চুক্তির অধীনে ক্রয়কৃত মোটর সাইকেল (গুলি) বরাদ্দ করতে হবে। (**Annexure-AE**)
- বাই-সাইকেল প্রদানের চুক্তিপত্র (Deed of Allotment Contract for Bi-Cycle): কর্মী এবং সমতার কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত নন-জুডিসিয়াল স্টাম্প এ টাইপ করা একটির চুক্তির অধীনে ক্রয়কৃত বাই-সাইকেল (গুলি) বরাদ্দ করতে হবে। (**Annexure-AF**)

গ. দলিল সংরক্ষণ (Documentation):

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

সংশি- ষ্ট অফিসকে সকল যানবাহনের জন্য যথেষ্ট এবং বিস্তারিত রেকর্ড সমূহ প্রতিটি যানবাহনের জন্য পৃথক করে রাখতে হবে । রেকর্ডসমূহ নিম্নে বর্ণিত হলো:

- চালান/বিল এবং অর্থ পরিশোধের ভাউচার (ফটোকপি)
- রেজিস্ট্রেশন সার্টিফিকেট (ফটোকপি)
- ফিটনেস সার্টিফিকেট (ফটোকপি)
- কর সার্টিফিকেট (ফটোকপি)
- রস্ট পারমিট সার্টিফিকেট (ফটোকপি)
- বীমা সার্টিফিকেট (ফটোকপি)
- মাসিক যানবাহনের রিপোর্ট (ফটোকপি)
- মোটর সাইকেল প্রদানের চুক্তিপত্র (ফটোকপি)
- বাই-সাইকেল প্রদানের চুক্তিপত্র (ফটোকপি)

ঘ. দলিলাদি লেখার সীমাবদ্ধতা/বাধানিষেধ (Restriction for the documentations writing):

ভ্রমণ বিলে, যানবাহন মুভমেন্ট তালিকায়, মোট/বাই-সাইকেল প্রদানের চুক্তিপত্রে এবং কোন যানবাহনের অন্যান্য বৈধ দলিলাদিতে ওভাররাইটিং না করা বাঞ্ছনীয় বা করা যাবে না ।

৮. নির্দিষ্ট সময় পরপর নিরীক্ষা/ব্যবহারীত জ্বালানী চেক (Periodically audit/check the Fuel Consumption):

নির্বাহী পরিচালক বা তার দায়িত্ব প্রাপ্ত ব্যক্তির সাথে আলাপ আলোচনা এবং অনুমোদন সাপেক্ষে সমতার প্রতিটি অফিসের প্রধান বা অভ্যন্তরীণ নিরীক্ষা সেলের ব্যক্তি বা অর্থ বিভাগের ব্যক্তি দ্বারা যানবাহনের জ্বালানী ব্যবহার নির্দিষ্ট সময় পরপর নিরীক্ষা/চেকের ব্যবস্থা থাকা উচিত । এই নিরীক্ষা/চেকের উদ্দেশ্য হলো সংগঠনের যানবাহনের জ্বালানী ব্যবহার নিশ্চিত করা যা মাসিক যানবাহনের রিপোর্টের সাথে মিল আছে ।

৯. প্রশিক্ষণ (Training):

প্রযুক্তিগত দক্ষব্যক্তি দ্বারা সকল ড্রাইভারগন এবং চালকগনকে যানবাহন নিরাপদে চালানোর নিশ্চয়তার জন্য রস্ট্রন ট্রেনিং এর ব্যবস্থা থাকা বা প্রদান করতে হবে । যানবাহন সচ্ছলভাবে চালানোর জন্য এবং বিভিন্ন ব্যবস্থাপনার আংগিকে যে সমস্ত কর্মী প্রশাসন বা যানবাহন নিয়ন্ত্রণের দায়িত্বে আছে তাদের জন্য একটি যানবাহনের উপর সাধারণ ট্রেনিং দেওয়া ।

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

XIII. অভ্যন্তরীণ নিরীক্ষা ব্যবস্থাপনা (MANAGEMENT OF INTERNAL AUDIT):

অভ্যন্তরীণ নিরীক্ষা একটি সংগঠনের একটি গুরুত্বপূর্ণ অংশ যা সংগঠনের, দাতাসংস্থার এবং সরকারের প্রতিষ্ঠিত নীতিমালার ভিত্তিতে সমস্ত ফিন্যান্সিয়াল কার্যক্রম সঠিকভাবে সম্পাদন, নির্ভুল, কার্যকর এবং দক্ষভাবে চলছে তার নিশ্চয়তা প্রদান করা। সমতার অভ্যন্তরীণ নিরীক্ষা সেল ব্যবস্থাপনায় কিছু কিছু প্রধান বিষয় অন্তর্ভুক্ত আছে। যেমন উদ্দেশ্য, কাজের ক্ষেত্র, উন্নয়ন, প্রশিক্ষণ, রিপোর্টিং এবং কর্তৃপক্ষকে কোন বিষয় সম্পর্কে তথ্য প্রদান (feedback to authority)। সুতরাং সরাসরি নির্বাহী পরিচালকের সুপারভিশনে সমতার কার্যক্রম সঠিকভাবে চলার জন্য পেশাগত (professional) এবং দক্ষকর্মীর দ্বারা একটি ‘অভ্যন্তরীণ নিরীক্ষা সেল’ (Internal Audit Cell) প্রতিষ্ঠিত করেছে। ‘অভ্যন্তরীণ নিরীক্ষা সেল’ (Internal Audit Cell) কর্মীদের জন্য ‘কাজের বর্ণনা’ (Job Description) তৈরী করা হয়েছে (Annexure-AH)।

অভ্যন্তরীণ নিরীক্ষার উদ্দেশ্য হলো আর্থিক বিবরণীগুলি সকল বিষয়গুলির ভিত্তিতে তৈরী হয়েছে কি না। যেমন অনুমোদিত হিসাবসামান্য এর নিয়মনীতিতে বা Generally Accepted Accounting Principles (GAAP) অনুযায়ী, দাতাসংস্থার চাহিদামাফিক, সরকারী নিয়মকানুন অনুযায়ী এবং সমতার আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল (FMOG) অনুযায়ী। এই সমস্ত বিষয়গুলি নিরীক্ষা করে তার নিজস্ব মতামত প্রদান করা।

কাজের ক্ষেত্রগুলি হলো যেমন ‘অভ্যন্তরীণ নিরীক্ষা সেল’ এর কর্মী দ্বারা নিরীক্ষা পরিকল্পনা, নিরীক্ষা করার প্রক্রিয়া, সমতার এবং ল্যান্ডসেলের (পার্টনার সংগঠন) কর্মসূচিগুলি কোন প্রক্রিয়ায় পরীক্ষিত হবে, পর্যাগতা মূল্যায়ন প্রক্রিয়া, ম্যানেজমেন্টের নিয়ন্ত্রণ পদ্ধতির কার্যকারিতা, তদন্ত বা অনুসন্ধানের পর প্রাপ্ত তথ্যের রিপোর্ট, পর্যবেক্ষণের প্রাপ্ত তথ্য এবং মনুষ্য সহকারে বিশেষ- মণ রিপোর্ট এবং সংশ্লিষ্ট কর্মসূচিগুলি যাচাই এর ভিত্তিতে প্রয়োজনীয় সুপারিশমালা এবং প্রস্তুতবলী নির্বাহী পরিচালকের নিকট প্রদান করা। উন্নয়নের ক্ষেত্রগুলি চিহ্নিত করণ সাপেক্ষে প্রশিক্ষণের প্রয়োজনীয়তা নির্ধারণ করা, পারিপার্শ্বিক অবস্থার সঙ্গে পরিচিত করানো, কোচিং এবং পরামর্শ দেওয়ার প্রয়োজনীয়তা নির্ধারণ করা ইত্যাদি, যেই টি কর্মীর জন্য প্রয়োজ্য এবং তা বাস্তবায়নের প্রয়োজনীয় প্রদক্ষেপ যথাক্রমে গ্রহণ করা।

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

অভিজ্ঞতা/ধারণা এবং পারস্পরিক সহযোগিতার মাধ্যমে সমতার লক্ষ্য অর্জনে প্রোগ্রামগুলি এবং সেল/বিভাগের কর্মসূচিগুলি সচ্ছলভাবে চালিয়ে যাওয়ার জন্য সংশ্লিষ্ট সকল ব্যক্তিদের সাথে যোগাযোগ এবং সমন্বয়সাধন করা। যেমন বিভিন্ন প্রোগ্রামের প্রধান, পরিচালকবৃন্দ, পরামর্শক (অর্থ), উপ-পরিচালকবৃন্দ, সকল অফিসের ইন-চার্জ, পার্টনার সংগঠন, এবং বর্হি নিরীক্ষা প্রতিষ্ঠান (ফর্ম)।

উপরে উল্লেখিত বিষয়ের ভিত্তিতে এবং সমস্ত ফিন্যান্সিয়াল কার্যক্রম সঠিকভাবে সম্পাদন, নির্ভুল, কার্যকর এবং দক্ষভাবে চলছে তার নিশ্চিত হওয়ার জন্য সমতা ম্যানেজমেন্ট পৃথকভাবে একটি 'নিরীক্ষা ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন' বা 'Audit Management & Operational Guideline (AMOG)', তৈরী করেছেন।

XIV. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ প্রশ্নাবলী (INTERNAL CONTROL QUESTIONNAIRE):

একটি সংগঠনের আসল চিত্র/অবস্থা এক নজরে দেখার জন্য 'অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ প্রশ্নাবলী' (Annexure-AI) বা 'Internal Control Questionnaire' হলো ম্যানেজমেন্টের জন্য একটি নিয়ন্ত্রণ যন্ত্র (tool)। 'অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ প্রশ্নাবলী' (Annexure-AI) কিছু কিছু প্রধান বিষয় অন্তর্ভুক্ত আছে। যেমন অর্থ, ক্রয়, যানবাহন, সম্পদ, এবং মানব সম্পদ ব্যবস্থাপনা। নিবাহী পরিচালকের বা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির অনুমোদন সাপেক্ষে যে কোন সময় ফিন্যান্স বিভাগ এবং 'অভ্যন্তরীণ নিরীক্ষা সেল' এর কর্মী বা দায়িত্বপ্রাপ্ত যে কোন ব্যক্তি এই কাজ করবে। এই ধরনের পদ্ধতি সমতা এবং পার্টনার সংগঠনগুলির ক্ষেত্রে প্রযোজ্য।

XV. ছক সমূহ (FORMATS):

সূচিপত্র	Form
ক্রেডিট ভাউচার	A
ডেবিট ভাউচার	B
জর্নাল ভাউচার	C
পেমেন্ট রিসিভ	D
ভ্রমণ খরচের রিপোর্ট	E
ক্রয়ের চাহিদাপত্র	F
সম্পদ ও অন্যান্য জিনিসের রক্ষণাবেক্ষণ ও মেরামতের চাহিদাপত্র	G
দরপত্র পর্যবেক্ষণ ও মূল্যায়ন বিবরণী	H
ক্যাশ রিক্যাপ বাই ব্যাংক একাউন্ট	I
ব্যাংক মিলকরণ রিপোর্ট	J
স্টক রেজিস্টার	K
ক্রয় রেজিস্টার	L
স্থায়ী সম্পদ রেজিস্টার	M
মাসিক স্থায়ী সম্পদের রিপোর্টিং ফর্ম	N
ব্যক্তিগত সম্পদের রেজিস্টার	O
ডেলিভারী চালান	P
স্টোর চাহিদাপত্র	Q
বাতিল করণ ফর্ম	R
কক্ষ অনুযায়ী স্থায়ী সম্পদের তালিকা	S
বাস্তব পণ্যদ্রব্যের যাচাই ফর্ম	T
সাপ্তাহিক গাড়ীর মুভমেন্ট সূচি	U

প্রস্তুতকরন: জানুয়ারী ২০১০

আরবান আর্থিক ব্যবস্থাপনা এবং অপারেশনাল গাইডলাইন

দৈনিক জার্নি লগ বহি	V
মাসিক গাড়ীর প্রতিবেদন	W
মাসিক গাড়ীর একত্রিকরণ প্রতিবেদন	X
গাড়ী মেরামত এবং রক্ষণাবেক্ষণের কাজের চাহিদাপত্র	Y
গাড়ীর চাহিদাপত্র	Z
মানি রিসিভ	AA
অগ্রিম অর্থের চাহিদাপত্র	AB
বকেয়া অগ্রিম অর্থের তালিকা	AC
অস্থায়ী দায়িত্ব হস্তান্তরন	AD

XVI. অ্যানেকসজার (ANNEXURE):

সূচিপত্র	Annexure
মোটরসাইকেল প্রদানের চুক্তিপত্র	AE
বাই-সাইকেল প্রদানের চুক্তিপত্র	AF
ফিন্যান্সিয়াল বিভাগের কর্মীদের জন্য 'কাজের বর্ণনা'	AG
অভ্যন্তরীণ নিরীক্ষা সেল কর্মীদের জন্য 'কাজের বর্ণনা'	AH
অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ প্রশাবলী	AI